এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

NARSINGHA
ই-পেপার: www.ekdin-epaper.com
EKDIN
# একদিন
এগিয়ে চলার সঙ্গী




৩ প্রেসিডেন্সি জেল পরিদর্শনে মুখ্যমন্ত্রী, কর্তৃপক্ষকে কড়া বার্তা
নিম্নচাপের থাবায় বানভাসি দক্ষিণবঙ্গ, ভাসবে উত্তরও ৩

কলকাতা ২ সেপ্টেম্বর ২০২৬ ১৫ ভাদ্র ১৪৩৩ বুধবার বিংশ বর্ষ ৮৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 02.09.2026, Vol. 20 Issue No. 83, 8 Pages, Price 3.00

## মমতার ভাইঝির রহস্যমৃত্যু

নিজস্ব প্রতিবেদন: মঙ্গলবার রামপুরহাটে মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাইঝি বৃষ্টি মুখোপাধ্যায়ের অস্বাভাবিক মৃত্যু ঘিরে রহস্য তৈরি হয়। মঙ্গলবার সকালে বীরভূমের রামপুরহাট থানার কুসুম্বা গ্রামে নিজের বাড়ি থেকে তাঁর মৃতদেহ উদ্ধার করে পুলিশ। প্রাথমিক তদন্তে আত্মহত্যার আশঙ্কা করছে পুলিশ। তবে ঠিক কী কারণে তাঁর মৃত্যু হল, তা এখনও স্পষ্ট নয়। মৃত্যুর প্রকৃত কারণ জানতে মৃতদেহ ময়নাতদন্তে ন্র জন্য পাঠান হয়েছে। ময়নাতদন্তর রিপোর্ট ছাড়াও পরিবারের বক্তব্য ও তাঁর সাম্প্রতিক পরিস্থিতিও খতিয়ে দেখছে পুলিশ।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এ দিন সকালে পরিবারের সদস্যরা বৃষ্টিকে ঘরের মধ্যে অচেতন অবস্থায় দেখতে পান। খবর দেওয়া হয় রামপুরহাট থানায়। পুলিশ গিয়ে তাঁকে উদ্ধার করে রামপুরহাট গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। সেখানেই চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করে। এরপর তার মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়।

এই প্রসঙ্গে বৃষ্টির বাবা নীহার মুখোপাধ্যায় বলেন, 'মেয়ে প্রায় পাঁচ-ছয় বছর ধরে মানসিক অসুস্থতায় ভুগছিল। আমরা নিয়মিত ডাক্তার দেখাতাম। আজ কিছুই জানি না কী ভাবে এসব হল। আমরা তখন বাড়ির নীচের তলায় ছিলাম।' যদিও বৃষ্টির মৃত্যুর কারণ নিয়ে এখনই কোনও সিদ্ধান্তে পৌঁছতে চাইছে না পুলিশ। তাঁর চিকিৎসার ইতিহাস, পারিবারিক বক্তব্য এবং সাম্প্রতিক ঘটনাবলি খতিয়ে দেখছে। স্থানীয় সূত্রের দাবি, কয়েক মাস ধরে স্বামীর সঙ্গে তাঁর বিবাহবিচ্ছেদের মামলা চলছিল। রামপুরহাট থানার আয়াশ গ্রামে তাঁর বিয়ে হয়েছিল। তাঁদের ১২ বছরের একটি সন্তান রয়েছে বলেও জানা গিয়েছে। যদিও কয়েক বছর আগেই এই বৃষ্টির নাম এর আগে উঠে এসেছিল শিক্ষক ও গ্রুপ সি কর্মী নিয়োগ সংক্রান্ত দুর্নীতির মামলায়। অভিযোগ, নিয়ম মেনে নয়, অনিয়মের মাধ্যমে তিনি চাকরি পেয়েছিলেন। কলকাতা হাইকোর্টের নির্দেশের পরে স্কুল সার্ভিস কমিশন যে চাকরি বাতিলের তালিকা প্রকাশ করেছিল, সেখানে তাঁর নাম ছিল বলে সূত্রের খবর। ওই তালিকায় ৬০৮ নম্বরে তাঁর নাম ছিল। তবে চাকরিতে যোগ দেওয়ার কিছুদিন পরেই ব্যক্তিগত কারণ দেখিয়ে বৃষ্টি পদত্যাগ করেছিল বলেই পরিবারের দাবি। ফলে নিয়োগ দুর্নীতির অভিযোগের সঙ্গে তাঁর বর্তমান মৃত্যুর সরাসরি কোনও যোগ রয়েছে কি না, তা এখনও বলা যাচ্ছে না।

এই কুসুম্বা গ্রামের সঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিবারের পুরনো সম্পর্ক রয়েছে। রামপুরহাট ১ নম্বর

# পাহাড় থেকে সুন্দরবন, বিপর্যয়ে লড়বে 'অর্জুন'


'অর্জুন' বাহিনীর সঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

নিজস্ব প্রতিবেদন: তারাতলার বহুতল বিপর্যয়ের পর রাজ্যে দ্রুত উদ্ধারকাজের জন্য গঠিত বিশেষ বিপর্যয় মোকাবিলা বাহিনী 'অর্জুন বাহিনী'র আনুষ্ঠানিক সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার নবান্নে বাহিনীর উদ্বোধনের পাশাপাশি ছয়টি বিশেষ উদ্ধারকারী গাড়ির উদ্বোধনও করেন তিনি। প্রাথমিক পর্যায়ে ২০০ জন প্রাক্তন সেনাকে নিয়ে গড়া এই বাহিনী কলকাতা, সুন্দরবন এবং পাহাড়ে মোতায়েন করা হবে।

মুখ্যমন্ত্রী বলেন, তারাতলার দুর্ঘটনার পরই রাজ্যের নিজস্ব প্রশিক্ষিত 'ফার্স্ট রেসপন্ডার' বাহিনী গড়ার প্রয়োজনীয়তা অনুভূত হয়। সেই ভাবনা থেকেই 'অর্জুন বাহিনী'র সূচনা। তাঁর দাবি, অতীতে বিপর্যয় মোকাবিলায় পরিকাঠামো, প্রশিক্ষিত জনবল ও আধুনিক সরঞ্জামের ঘাটতি ছিল। সেই ঘাটতি দূর করতেই এই উদ্যোগ।

মঙ্গলবার মুখ্যমন্ত্রী জানান, আম্ফানের পর একাধিক ঘটনা এবং তারাতলার দুর্ঘটনা থেকে শিক্ষা নিয়ে রাজ্যে যে কোনও বিপর্যয় মোকাবিলা করার জন্য পরিকাঠামো আরও শক্তিশালী করার প্রয়োজন আছে। তাঁর বক্তব্য, রাজ্যের বিপর্যয় মোকাবিলা দপ্তরে পর্যাপ্ত প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতির ঘাটতি রয়েছে। এত দিন এই দিকে যথেষ্ট নজর দেওয়া হয়নি বলেও অভিযোগ করেন তিনি। মঙ্গলবার কলকাতায় নির্মাণকাজের সময় নিয়ম না মানার অভিযোগ নিয়েও সরব হন মুখ্যমন্ত্রী। তাঁর বক্তব্য, অনেক ক্ষেত্রে নির্মাণের আগে প্রয়োজনীয় পরীক্ষা ও খতিয়ে দেখার কাজ ঠিক ভাবে হয়নি। মাঝেরহাট ও পোস্তা উড়ালপুল ভেঙে পড়ার মতো ঘটনা এবং তারাতলায় নির্মীয়মাণ গুদাম ভেঙে পড়ার ঘটনাও তিনি উল্লেখ করেন।

কোথায় থাকবেন 'অর্জুন'-এর সদস্যেরা, মঙ্গলবার সেই বিষয়টিও স্পষ্ট করে জানান তিনি। রাজ্য সরকারের প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী এই বাহিনীতে থাকবেন ২০০ জন। তাঁদের নাম দেওয়া হয়েছে 'বীর' এবং দলনেতাদের 'বীর নায়ক'। ভবিষ্যতে দিঘা, মন্দারমণি, ডুয়ার্স, মুকুটমণিপুর ও তারাপীঠের মতো এলাকাতেও এই বাহিনী বিস্তারের পরিকল্পনার কথা জানান মুখ্যমন্ত্রী। তাঁদের মধ্যে, ১০০ জন কলকাতায়, ৫০ জন পাহাড়ি এলাকায়, ৫০ জন সুন্দরবন এলাকায় মোতায়েন করা হবে। যদিও পরবর্তী সময়ে দার্জিলিং, কাকদ্বীপ, দিঘা-সহ বিভিন্ন এলাকায় নিজস্ব বিপর্যয় মোকাবিলা পরিকাঠামো তৈরির পরিকল্পনা রাজ্য সরকার করছে। এছাড়াও পর্যটনকেন্দ্রগুলিতেও ধাপে ধাপে 'অর্জুন'-এর ইউনিট রাখার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। শুধু তাই নয়, মঙ্গলবার এই বিশেষ বাহিনীতে কারা থাকছেন, তাও স্পষ্ট করেই মুখ্যমন্ত্রী জানান। তিনি জানান, বর্তমানে রাজ্য সৈনিক বোর্ডের মাধ্যমে ৪০ বছর বয়স পর্যন্ত সদস্য নেওয়া হচ্ছে। সিভিল ডিফেন্সের প্রশিক্ষণ নেওয়া ব্যক্তিদেরও এই কাজে যুক্ত করা হবে। আগামী দিনে অগ্নিবীর এবং অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের নিয়োগে অগ্রাধিকার দেওয়ার পরিকল্পনা রাজ্য সরকার করছে।

তিনি জানান, 'বীর'-দের মাসিক পারিশ্রমিক ২৫ হাজার টাকা এবং 'বীর নায়ক'-দের ৪০ হাজার টাকা। প্রতিবছর ৩ শতাংশ ইনক্রিমেন্ট, ১০ লক্ষ টাকার জীবনবিমা এবং দুর্ঘটনাজনিত স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে ৫ লক্ষ টাকার বিমা সুবিধাও থাকবে। পাশাপাশি ভবিষ্যতে অর্জুন বাহিনীতে অগ্নিবীরদেরও অগ্রাধিকার দেওয়া হবে বলে জানান তিনি।

## মূল্যবৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে চালের দাম বাড়ার কোনও যৌক্তিক কারণ নেই। মঙ্গলবার উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের সূচনায় এমনই মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর বক্তব্য, চাল যেহেতু রাজ্যেই উৎপাদিত হয়, তাই তার দাম অস্বাভাবিকভাবে বাড়ার কথা নয়। তবে খুচরো বাজারে কিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে বলে তিনি স্বীকার করেন।

এ দিন হগ মার্কেটের সামনে এক সপ্তাহব্যাপী উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। উপস্থিত ছিলেন ক্রেতা সুরক্ষা দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ইন্দ্রনীল খাঁ। মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, মুনাফার আশায় কিছু ব্যবসায়ী মিষ্টি, সবজি ও মাছে নিষিদ্ধ রং ব্যবহার করছেন। তাঁর দাবি, মাছ ও সবজিকে তাজা দেখাতে এবং মিষ্টির আকর্ষণ বাড়াতে যে রং ব্যবহার করা হচ্ছে, তা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর। এই ধরনের কারচুপির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। পাশাপাশি



মুখ্যমন্ত্রী বলেন, এই ধরনের অনিয়মে কোথাও কোথাও কিছু পুলিশকর্মী, কনজিউমার অ্যাফেয়ার্স দপ্তরের আধিকারিক বা খাদ্য পরিদর্শকদের যোগসাজশ থাকতে পারে। অভিযোগ প্রমাণিত হলে তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি ইঙ্গিত দেন। ২০১৯ সালের ক্রেতা সুরক্ষা আইন সম্পর্কে সচেতনতা বাড়াতেই এক সপ্তাহব্যাপী এই কর্মসূচির আয়োজন করা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

এছাড়াও অনলাইন কেনাকাটায় প্রতারণার শিকার হচ্ছেন সাধারণ মানুষ। এর উদাহরণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান, প্রায় ১০ দিন আগে নিউ টাউনের একটি জায়গায় অভিযান চালিয়ে বিধাননগর পুলিশ কমিশনারেট ১২০ জনকে গ্রেপ্তার করেছে। জোমাটো-সহ পরিচিত ডেলিভারি সংস্থার নাম ব্যবহার করে ভুয়ো বুকিংয়ের মাধ্যমে টাকা নেওয়ার অভিযোগ ছিল ওই চক্রের বিরুদ্ধে। এছাড়াও খাবারে ভেজাল এবং মাছ-সবজিতে ক্ষতিকর রাসায়নিক ব্যবহারের বিরুদ্ধেও রাজ্য সরকার ক্রমাগত অভিযান চালিয়ে যাচ্ছে। এর জন্য নবান্নে ক্রেতা সুরক্ষা দপ্তর, খাদ্য পরিদর্শক, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, অ্যান্টি করাপশন ব্রাঞ্চ এবং স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের নিয়ে যৌথ বৈঠক হয়েছে। আনাজ, চিনি ও চালের দামের উপরেও রাজ্য সরকার নজরদারি রাখছে বলেই মঙ্গলবার মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

# সন্ত্রাস মোকাবিলায় দ্বিচারিতার স্থান নেই

## শরিফের সামনেই সরব মোদী



বিশকেক, ১ সেপ্টেম্বর: সন্ত্রাসবাদ মোকাবিলার প্রশ্নে বিশ্বমঞ্চে আরও এক বার কঠোর বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিরগিজস্তানের রাজধানী বিশকেকে আয়োজিত ২৬তম এসসিও সম্মেলনে মোদী বলেন, 'সন্ত্রাসবাদ মোকাবিলায় দ্বিচারিতার কোনও স্থান নেই।' তিনি যখন এ কথা বলছেন, তখন দর্শকাসনে অন্য রাষ্ট্রপ্রধানদের সঙ্গে উপস্থিত পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও। এসসিও সম্মেলনে মোদী, শাহবাজ ছাড়াও যোগ দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, চিনের প্রেসিডেন্ট শি জিনপিং, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, বেলারুশের প্রেসিডেন্ট আলেকজান্ডার লুকাশেঙ্কো, কাজাখস্তানের প্রেসিডেন্ট কাশিম জমার্ট তোকায়েভ, উজবেকিস্তানের প্রেসিডেন্ট শাভকত মিরজিয়োয়েভ এবং তাজিকিস্তানের প্রেসিডেন্ট ইমোমালি রহমোন।

পশ্চিম এশিয়া এবং ইউক্রেনে যুদ্ধের আবহে ফের শান্তির বার্তাও দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'ভারত বরাবরই বলে এসেছে যে, সব সংঘাত এবং যুদ্ধ পারস্পরিক কথোপকথন এবং কূটনীতির মাধ্যমে শেষ হয়, যুদ্ধক্ষেত্রে এগুলির মীমাংসা হয় না।'

এদিন এসসিও বৈঠকে বলতে উঠে মোদী বলেন, 'যে সমস্ত দেশ সন্ত্রাসবাদকে নিজেদের নীতির অঙ্গ করে ফেলেছে এবং সন্ত্রাসবাদীদের আশ্রয় দিয়ে সাহায্য করছে, তাদের একটিই বার্তা দেওয়া উচিত। তা হল, সন্ত্রাসবাদ কারও কৌশলগত সম্পদ হতে পারে না।' একই সঙ্গে প্রধানমন্ত্রী বলেন, 'সন্ত্রাসবাদের কাঠামোকে আমাদের ভেঙে ফেলতেই হবে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে একসুরে আমাদের বলতে হবে, দ্বিচারিতার কোনও স্থান নেই।'

পশ্চিম এশিয়ায় যুদ্ধের কারণে বিশ্বের প্রায় সব দেশই যে ক্ষতির সম্মুখীন হয়েছে, সে কথাও জানান মোদী। বলেন, 'পশ্চিম এশিয়ার সঙ্কট কেবল একটি অঞ্চলে সীমিত থাকেনি। তা গোটা বিশ্বে জ্বালানি নিরাপত্তা, জাহাজ চলাচল এবং সরবরাহ শৃঙ্খলকে (সাপ্লাই চেন) প্রভাবিত করেছে।' ভারতের মতো বিশ্বের দক্ষিণাংশে ('গ্লোবাল সাউথ') থাকা দেশগুলি এই সঙ্কটের জন্য সবচেয়ে বেশি মূল্য চুকিয়েছে বলে জানান প্রধানমন্ত্রী।

সন্ত্রাসবাদ এবং যুদ্ধনীতির বিরুদ্ধে বার্তা দেওয়ার পাশাপাশি মাদক চোরাচালান রুখতেও কড়া পদক্ষেপের কথা বলেন মোদী। প্রধানমন্ত্রীর কথায়, 'মাদক চোরাচালান কেবল অপরাধই নয়, এটা নতুন প্রজন্মের কাছে একটি বিপদের নাম। আঞ্চলিক নিরাপত্তার জন্যও এটি ঝুঁকির।'

## জিডিপির রিপোর্টে নমো-তির রাহুলকে

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর: বিশ্বে নানা সঙ্কটের মধ্যেও ভারতের অর্থনৈতিক অগ্রগতি অব্যাহত। এমনটাই জানিয়ে বিরোধীদের নিশানা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নাম না-করে কটাক্ষ করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধিকেও। এসসিও সম্মেলনে যোগ দেওয়ার জন্য বর্তমানে কিরগিজস্তানের রাজধানী বিশকেকে রয়েছেন মোদী। মঙ্গলবার সকালে সেখান থেকেই সমাজমাধ্যমে একটি ভিডিয়োবার্তা পোস্ট করেন প্রধানমন্ত্রী।

ভিডিয়োবার্তায় ফের 'আত্মনির্ভর' ভারতের পক্ষে সওয়াল করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'আমরা যদি স্বদেশিয়ানা এবং আত্মনির্ভরতার উপর বেশি জোর দিই, তা হলে স্বাধীনতার ১০০ বছরে আমাদের নবীন প্রজন্মের কাছে একটা উন্নত ভারত তুলে দিতে পারব।' আত্মনির্ভরতার কথা বলতে গিয়েই দেশবাসীকে তিন পরামর্শ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'যদি অবসর কাটানোর জন্য যান, তা হলে বিদেশে যাবেন না। যদি বিদেশে গিয়ে বিয়ে করতে চান, সেটাও করা উচিত হবে না। আর প্রয়োজন না-হলে সোনা কিনবেন না।'

সোমবার দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জিডিপি বৃদ্ধির হার প্রকাশ করেছে কেন্দ্র। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, চলতি আর্থিক বছরের (২০২৬-'২৭) প্রথম ত্রৈমাসিকে (এপ্রিল-জুন) ৭.৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে জিডিপি। সেটা প্রত্যাশিত ৭.১ শতাংশের চেয়ে অনেকটাই বেশি। মঙ্গলবার সে কথা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, '৭.৮ শতাংশ বৃদ্ধির হার। এটা শক্তিশালী সংখ্যা। আত্মবিশ্বাস আরও বাড়াল।'

# স্পিকারের নোটিসের জবাব দিতে অতিরিক্ত সময় চাইলেন কাকলিরা

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর: লোকসভার স্পিকার ওম বিড়লার কাছে আরও খানিকটা সময় চেয়ে নিলেন তৃণমূল ছেড়ে এনসিপিআইতে যোগ দেওয়া ২০ জন সাংসদ। সূত্রের খবর, স্পিকারের পাঠানো নোটিসের জবাব দেওয়ার জন্য মঙ্গলবার পর্যন্ত সময় ছিল এনসিপিআই সাংসদদের হাতে। তাঁরা আরও প্রায় ৩ সপ্তাহ সময় চেয়েছেন স্পিকারের কাছে।

বিধানসভা ভোটে দলের ভরাডুবির পরই সদলবলে তৃণমূল কংগ্রেস ছেড়েছিলেন অধিকাংশ সাংসদ। ন্যাশনালিস্ট সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়া বা এনসিপিআই-তে যোগ দিয়ে তাঁরা এনডিএ সরকারকে সমর্থনের কথা জানান। সেইমতো সংসদে সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলি ঘোষ দস্তিদার, শতাব্দী রায়দের আসন অদলবদলও হয়। কিন্তু এখনও এনসিপিআই সাংসদ হিসেবে তাঁরা ২০ জন স্বীকৃতি পাননি।

স্পিকারের দপ্তর থেকে নোটিস পাওয়ার পর থেকেই আইনি আশ্রয় খুঁজছেন এনসিপিআই সাংসদরা। শোনা যাচ্ছে, এর মধ্যে প্রধানমন্ত্রীর দপ্তরের সঙ্গে আলোচনা করেছেন তাঁরা। দেশের শীর্ষ আইনজীবীদের সঙ্গেও আলোচনা করেছেন। শেষমেশ মঙ্গলবার লোকসভার সচিবালয়ের কাছে চিঠি লিখে ৩ সপ্তাহের সময় চেয়েছেন ওই ২০ সাংসদ। লোকসভায় এনসিপিআই দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, 'লোকসভার সচিবালয়ের কাছে চিঠি লিখে আমরা ২০ জন সাংসদ ৩ সপ্তাহ সময় চেয়েছি।'

এই অবস্থায় বাদল অধিবেশন চলাকালীন কালীঘাট তৃণমূলের লোকসভার দলনেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় শীর্ষ আদালতে আবেদন জানিয়েছিলেন, এনসিপিআই-তে যোগদানকারী সদস্যদের সাংসদ পদ খারিজ করে দেওয়া হোক। এনিয়ে তিনি লোকসভার স্পিকার ওম বিড়লাকেও চিঠি লিখেছিলেন। গত মাসে এই মামলায় সুপ্রিম কোর্ট সবপক্ষকে নোটিস জারি করে। নোটিস দেওয়া হয় সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলি ঘোষ দস্তিদার-সহ ২০ জন দলবদলুকে। এই সাংসদদের নিয়ে সিদ্ধান্তের প্রক্রিয়া কতদূর এগোলো জানতে নোটিস যায় স্পিকারের কাছেও। সেসময় স্পিকার জানান, কালীঘাট তৃণমূলের আবেদনের প্রেক্ষিতে এনসিপিআই সাংসদদের কাছে অবস্থান জানতে নোটিস দিয়েছেন তিনি।

# ৯৮৭ জনের দেহ উদ্ধার, নিখোঁজ ৪ হাজার

# রসুয়ায় সন্ধান নেই ৩৫০ স্কুলপড়ুয়ার

কাঠমান্ডু, ১ সেপ্টেম্বর: বিপর্যয়ের পর থেকে মৃত্যুর সংখ্যা ক্রমশ বাড়ছে প্রতিদিন। নেপাল বিপর্যয় দফতরের তথ্য অনুযায়ী, মঙ্গলবার এই প্রতিবেদন লেখা পর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯৮৭। নিখোঁজ ৩৯১৬ জন। তাঁদের মধ্যে ৪৮৩ জন বিদেশি। ১১ হাজার ৮১৪ জনকে উদ্ধার করা হয়েছে। কাদা এবং ধ্বংসস্তূপের নীচে প্রাণের খোঁজ চালাচ্ছেন উদ্ধারকারীরা। ভারত সরকার জানিয়েছে, নেপাল থেকে ১৫৮ জন পর্যটককে উদ্ধার করা হয়েছে। সোমবার বিদেশ মন্ত্রকের তরফে এই তথ্য জানানো হয়। অন্য দিকে, রসুয়া জেলার উত্তরগয়া এলাকায় প্রায় ৩৫০ জন পড়ুয়া নিখোঁজ বলে স্থানীয় প্রশাসন সূত্রে খবর।

নেপালের নুয়াকোট জেলার বেত্রবতী এলাকায় একটি বাড়ি



থেকে ২৩ জনের দেহ উদ্ধার হয়েছে বলে জেলা পুলিশ সুপার বিপিন রেগমির জানিয়েছেন। পুলিশ সূত্রে খবর, বাড়ির মালিকের এখনও কোনও হদিস মেলেনি। কিন্তু একটি বাড়িতে একসঙ্গে এত জনের দেহ উদ্ধারের ঘটনায় ধোঁয়াশা বাড়ছে। ওই বাড়ির বাসিন্দা তাঁরা, না কি ওই বাড়িতে আশ্রয় নিয়েছিলেন বিপর্যয়ের হাত থেকে বাঁচতে, সেই বিষয়টি স্পষ্ট নয় বলে পুলিশ সূত্রে খবর। অশনাক্ত দেহগুলিকে ইতিমধ্যেই কবর দেওয়ার কাজ শুরু করা হয়েছে বলে স্থানীয় প্রশাসন জানিয়েছে।

ইউরোপের কোপারনিকাস অবজারভেটরির তথ্য উল্লেখ করে সংবাদসংস্থা এএফপি জানিয়েছে, ত্রিশূলী উপত্যকায় ২৫০০-এর বেশি বাড়ি পুরোপুরি ধ্বংস হয়ে গিয়েছে। ত্রিশূলী উপত্যকার তিমুরে, স্যাফ্রুবেসী এবং বিদুরে ৬০০০ মানুষের বাস ছিল। কিন্তু এখন সেখানে শুধু ধ্বংসাবশেষ ছড়িয়ে। নেপাল প্রশাসন সূত্রে খবর, ত্রিশূলীতে নির্মীয়মাণ জলবিদ্যুৎকেন্দ্রে ৪২ জন ইঞ্জিনিয়ার আটকে রয়েছেন বলে জানা গিয়েছে। অন্য দিকে, ত্রিশূলী অন্য জলবিদ্যুৎপ্রকল্পের কাজে যুক্ত ১১৮ জন ইঞ্জিনিয়ারকেও এখনও উদ্ধার করা যায়নি। উদ্ধারকাজ চলছে ঠিকই, কিন্তু তার পাশাপাশি মহামারির আশঙ্কাও বাড়ছে বলে নেপাল প্রশাসন সূত্রে খবর।

## পেনশন সব সাংবাদিকের

■ পারিবারিক চিকিৎসা থেকে অবসরকালীন পেনশন, এমনকি পুজোর ভাতা-সহ কর্মরত সাংবাদিকদের জন্য সামাজিক সুরক্ষার পরিধি আরও বাড়ানোর কথা জানাল রাজ্য সরকার। মঙ্গলবার নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, একই সঙ্গে মঙ্গলবার অবসরপ্রাপ্ত সাংবাদিকদের মাসিক পেনশন আরও বাড়ানোর কথা জানান মুখ্যমন্ত্রী। এছাড়াও ডেস্কে কর্মরত সাংবাদিকদেরও নির্দিষ্ট যোগ্যতার ভিত্তিতে এই সুবিধার আওতায় আনার কথা বলা হয়েছে। শুধু প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারীরাই নন, যারা সংবাদমাধ্যমের ডেস্কে বসে কাজ করেন, সেই সাংবাদিকেরাও নির্দিষ্ট যোগ্যতা পূরণ করলে এই সুবিধার জন্য আবেদন করতে পারবেন।



একদিন
আমার শহর
কলকাতা, ২ সেপ্টেম্বর ২০২৬, ১৫ ভাদ্র ১৪৩৩, বুধবার

# প্রেসিডেন্সি জেল পরিদর্শনে মুখ্যমন্ত্রী, কর্তৃপক্ষকে কড়া বার্তা

**নিজস্ব প্রতিবেদন:** সম্প্রতি প্রেসিডেন্সি সংশোধনাগারে বন্দি জঙ্গি আফতাব আনসারির সেল থেকে আইফোন, রাউটার-সহ একাধিক ইলেকট্রনিক সামগ্রী উদ্ধারের পর জেলের নিরাপত্তা নিয়ে প্রশ্ন ওঠে। ২৩ অগস্টের সেই তল্লাশিতে মোবাইল ও অন্যান্য গ্যাজেট উদ্ধারের কয়েক দিন পর মঙ্গলবার আচমকা প্রেসিডেন্সি সংশোধনাগার পরিদর্শন করতে যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। জেলের ভিতরে বেআইনি মোবাইল ব্যবহার এবং বন্দিদের অপরাধমূলক যোগাযোগ নিয়ে এদিন কারা কর্তাদের কড়া বার্তা দেন তিনি।



কারা দফতর সূত্রে জানা যাচ্ছে, গোয়েন্দাদের কাছে আগে থেকেই আফতাবের জেল থেকে মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের খবর ছিল। সেই সূত্রে ২৩ অগস্ট প্রেসিডেন্সি সংশোধনাগারে বিশেষ তল্লাশি চালানো হয়। আফতাবের সেল থেকে দু'টি মোবাইল, একটি আইফোন, দু'টি রাউটার, কার্ড রিডার, ওটিজি অ্যাডাপ্টার, একাধিক ওটিজি কেবল এবং ৩১ হাজার টাকা নগদ উদ্ধার হয়।

আফতাব আনসারি ২০০১ সালে খাদিম কর্তা অপহরণ এবং ২০০২ সালে কলকাতার আমেরিকান সেন্টারে হামলার ঘটনায় অন্যতম অভিযুক্ত। তার সঙ্গে জঙ্গি সংগঠনের যোগাযোগ নিয়েও অতীতে একাধিক তদন্ত হয়েছে। ফলে এমন এক বন্দির কাছে জেলের ভিতরে একাধিক যোগাযোগের যন্ত্র পৌঁছনোর ঘটনায় নিরাপত্তা ব্যবস্থার ফাঁক নিয়েও প্রশ্ন ওঠে।

আর সেই পরিস্থিতিতে মঙ্গলবার প্রেসিডেন্সি সংশোধনাগারে গিয়ে জেলের বিভিন্ন অংশ ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী। ঋষি অরবিন্দের সেল পরিদর্শনের পাশাপাশি একটি মন্দিরে আরতিও করেন তিনি। কয়েক জন বন্দির সঙ্গে কথা বলেন। পরে কারা দপ্তরের আধিকারিকদের সঙ্গে মুখ্যমন্ত্রী গুরুত্বপূর্ণ বৈঠক করেন। সেখানেই জেলের ভিতরে সমস্ত বেআইনি কাজ বন্ধ করার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, প্রেসিডেন্সি জেলে হিউজ মোবাইল ফোন ইউজ করা হচ্ছে ইনক্লুডিং স্মার্টফোন এবং এর সঙ্গে জেল কর্তৃপক্ষ নটোরিয়াস ক্রিমিনাল তাদের একটা বড় নেক্সাস হয়েছিল। গোটা রাজ্যের অপরাধীরা জেলের মধ্যেও তাদের অপরাধী নেটওয়ার্ক চালিয়ে যাচ্ছেন। পশ্চিমবঙ্গের যত সংশোধনাগার আছে, জেল আছে, সেখানকার জেল কর্তৃপক্ষকে এবং আসামিদেরকে যারা সাপ্লাই করছেন এইসব ফোন বা ইত্যাদি, তাদেরকে কশাস করতে চাই, যে এই এই জিনিস আজকে এই মুহূর্ত থেকে,২ পিএম থেকে পশ্চিমবঙ্গে বন্ধ। যদিও এই ঘটনায় আফতাবের বিরুদ্ধে ইতিমধ্যেই হেস্টিংস থানায় অভিযোগ দায়ের করেছে জেল কর্তৃপক্ষ।

২৩ তারিখের বিশেষ অভিযানে উদ্ধার হওয়া রাউটার এবং অন্যান্য ডিভাইস কী ভাবে ব্যবহার করা হত, সে বিষয়েও তদন্ত চলছে বলেই জানিয়েছে কারা কর্তৃপক্ষ। এখন তদন্তকারীদের নজরে রয়েছে আফতাবের সঙ্গে কারা যোগাযোগ রাখত এবং কত দিন ধরে তার কাছে ওই যন্ত্রগুলি ছিল। মঙ্গলবার মুখ্যমন্ত্রী এই ঘটনায় কারা দপ্তরের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চেয়েছেন।

# ‘আমার সমালোচনা মাথা পেতে নেব, ধর্মীয় ভাবাবেগে আঘাত করবেন না’

## সংবাদমাধ্যমকে আবেদন মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে সংবাদমাধ্যমের স্বাধীনতা ও সমালোচনার অধিকার নিয়ে মঙ্গলবার সাংবাদিকদের স্পষ্ট বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার নবান্নে এক অনুষ্ঠানে তিনি জানান, তাঁর, তাঁর দলের বা তাঁর বক্তব্যের সমালোচনা সংবাদমাধ্যম করতেই পারে, তিনি তা মাথা পেতে নেবেন। তবে রাষ্ট্র এবং দেশপ্রেমের প্রশ্নে সংবাদমাধ্যমকে যথেষ্ট সতর্ক থাকার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। একই সঙ্গে অন্য কারোর ধর্মীয় আস্থা ও ভাবাবেগে আঘাত করতে পারে, এমন ভাষা ব্যবহার না করার আবেদন জানান মুখ্যমন্ত্রী। এদিন রাজ্যের সকল সাংবাদিকদের জন্য স্বাস্থ্যবিমা, বোনাস এবং অবসরপ্রাপ্ত সাংবাদিকদের পেনশন সংক্রান্ত একাধিক ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। সেই অনুষ্ঠানে সংবাদমাধ্যমের ভূমিকা নিয়েও কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ভোটের সময় রাজনৈতিক দলগুলির মধ্যে মতপার্থক্য থাকবে। কেউ পক্ষে থাকবেন, কেউ বিপক্ষে। কিন্তু ভোটের বাইরে রাজ্যের স্বার্থে সবাইকে কাজ করার কথা বলেন তিনি। তাঁর বক্তব্য, এই জায়গায় সংবাদমাধ্যমেরও দায়িত্ব রয়েছে।

দেশ ও রাষ্ট্রের প্রশ্নে সংবাদমাধ্যমের ভূমিকা নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘দু'টি ক্ষেত্রে আপনাদের সহযোগিতা চাইব, দৃষ্টিভঙ্গিতে একটু কঠোরতা চাইব। রাষ্ট্রের প্রশ্নে, দেশপ্রেমের প্রশ্নে আপনারা সবাই কঠোর নীতি নিয়ে চলবেন। কারণ আমরা সবাই মনে করি নেশন ফার্স্ট। স্বাধীনতা সংগ্রামে বাংলার ভূমিকা, পশ্চিমবঙ্গের ভূমিকা সকলে আমরা সবাই জানি। দেশ দুর্বল হোক, দেশে অস্থিরতা তৈরি হোক, এমন কোনও কাজ আমরা করব না। এটুকু আমি আপনাদের কাছ থেকে আশা করব।’

মঙ্গলবার তিনি তাঁর নিজের বা দলের সমালোচনার ক্ষেত্রে কোনও আপত্তি নেই বলেও স্পষ্ট করেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী বলেন, ‘আমার সমালোচনা করবেন, আমার দলের করবেন, আমার বক্তব্যের করবেন, মাথা পেতে নেব, তার জন্য কোনও প্রতিশোধ নেওয়ার কোনও মানসিকতা আমার থাকবে না। কিন্তু দেশপ্রেমের ক্ষেত্রে আপনারা সবাই কঠোরতা নিয়ে চলবেন, এটুকু আমি বলব।’

মঙ্গলবার সংবিধান প্রদত্ত বাকস্বাধীনতার প্রসঙ্গ টেনে ধর্মীয় সংবেদনশীলতার বিষয়টিও তুলে ধরেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ‘এমন কিছু ভাষা প্রয়োগ করব না, যাতে কোনও ধর্মীয় আস্থায় আঘাত পড়ে। আমরাও করব না, আর সংবাদমাধ্যম করবে না, এটা আশা করি।’এদিন রাজ্যে ধর্মীয় অনুষ্ঠান নিয়ে সরকারের নীতির কথাও জানান মুখ্যমন্ত্রী। তাঁর বক্তব্য, অনুষ্ঠান পালনের ক্ষেত্রে নিয়ম ও শৃঙ্খলা বজায় রাখার জন্য সরকারের তরফে কিছু বিধি রয়েছে। তবে কোনও সম্প্রদায়ের ধর্মীয় আস্থা পালনে বাধা দেওয়া হয়নি বলে দাবি করেন তিনি।

এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ‘ধর্মীয় অনুষ্ঠান পালনের ক্ষেত্রে শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা এগুলো আমরা সরকারের পক্ষ থেকে বেধে দিয়েছি। কিন্তুআস্থা পালনে কাউকে বাধা দিয়েছি, এমন কোনও উদাহরণ, কোনও সম্প্রদায়ের ক্ষেত্রে পাবেন না।’ এছাড়াও দেশপ্রেম এবং ধর্মীয় বিশ্বাস, দুই ক্ষেত্রেই বক্তব্য রাখার সময় শধচয়ন নিয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘দেশপ্রেম, ধর্মীয় আস্থার ক্ষেত্রে এমন কোনও শধ-বাক্য প্রয়োগ করা উচিত নয়, যাতে দেশ দুর্বল হবে, ধর্মীয় আস্থায় আঘাত আসবে।’।

মঙ্গলবার তিনি বলেন, ‘আমার সঙ্গে কেউ যদি দেখা করতে চান, কোনও গঠনমূলক প্রস্তাব দিতে চান, সিএমওতে সময় নিন, আমি সময় নিয়ে দেখা করব। মুখ্যসচিব রাত ১০টা অবধি নবান্নে থাকেন, তিনিও সময় দেবেন। যদি কেউ তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিবের মাধ্যমে আমাদের কোনও প্রস্তাব দিতে চান, তাহলে তিনি নবান্নে ও নন্দনের পাশে তথ্যকেন্দ্রে তাঁর সঙ্গে দেখা করবেন। অবশ্যই তিনি দেখা করবেন।’

# শেক্সপিয়ার সরণি থানায় হাজিরা অভিষেকের

**নিজস্ব প্রতিবেদন:** ক্যামাক স্ট্রিট-কাণ্ডে শেক্সপিয়র সরণি থানায় হাজিরা দেওয়ার প্রায় সাড়ে পাঁচ ঘণ্টা জিজ্ঞাসাবাদ শেষে থানা থেকে বেরিয়ে বিজেপির বিরুদ্ধে সরব হন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

থানা থেকে বেরিয়ে চ্যালেঞ্জ ছুড়ে বিজেপিকে নিশানা করে তিনি বলেন, ‘ওঁদের যা ক্ষমতা আছে করুক।’ এর পাশাপাশি অভিষেক এও জানান, ক্যামাক স্ট্রিটের পার্টি অফিস নিয়ে যে তৎপরতা দেখা গিয়েছে তা একমাস আগে বিজেপি সরকার দেখালে তারাপীঠের হোটেল বা মীর্জা গালিব স্ট্রিটের হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটত না। এতগুলো প্রাণ খোয়াতে হত না। একইসঙ্গে ভোটের আগে আলিপুর প্রশাসনিক ভবনের আগুন নিয়েও প্রশ্ন তোলেন অভিষেক।



বৃহস্পতিবার ক্যামাক স্ট্রিটে কোনও শ্লীলতাহানি হয়নি বলে দাবি করেন অভিষেক। পাশাপাশি তিনি জানান, সেদিন তৃণমূলের কর্মীদের সিঁড়ি দিয়ে টানতে টানতে নিয়ে যাওয়া হয়েছে। হেপাজতেও তাঁদের হেনস্তার অভিযোগ তুলেছেন অভিষেক। বিজেপিকে নিশানা করে তিনি বলেন, ‘ভয় পাচ্ছে, রাজনৈতিকভাবে লড়তে পারছে না। তাই এসব করছে।’

এদিকে, এই মামলায় নাম থাকা অন্য অভিযুক্তদের ওপরও পুলিশি তৎপরতা তুঙ্গে। ডেরেক ও'ব্রায়েনকে সোমবার দুপুর ১২টায় হাজিরার নির্দেশ দেওয়া হলেও তিনি থানায় যাননি। আইনজীবীর মাধ্যমে ইমেল পাঠিয়ে তিনি তাঁর অক্ষমতার কথা জানান। পুলিশ তাঁকে ছাড়েনি, আগামী বৃহস্পতিবার হাজিরার জন্য দ্বিতীয় নোটিস পাঠানো হয়েছে। এছাড়া, অভিষেকের আপ্ত সহায়ক সুমিত রায়কে বুধবার থানায় হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে।

# ২০২৩ রামনবমীর অশান্তি মামলায় প্রথম চার্জশিট পেশ এনআইএ-র

**নিজস্ব প্রতিবেদন:** ২০২৩ সালের রামনবমীর মিছিলকে কেন্দ্র করে উত্তর দিনাজপুরের ডালখোলায় রক্তক্ষয়ী গোষ্ঠীসংঘর্ষ ও গোলমালের ঘটনায় অবশেষে প্রথম চার্জশিট পেশ করল জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ। কলকাতার বিচার ভবনে অবস্থিত বিশেষ এনআইএ আদালতে জমা দেওয়া এই চার্জশিটে ৯ জনের বিরুদ্ধে গুরুতর অভিযোগ আনা হয়েছে।

এনআইএ সূত্রের খবর, পেশ করা মূল চার্জশিটটি মোট ৩৩ পাতার। তদন্তপ্রক্রিয়া চলাকালীন সংগ্রহ করা যাবতীয় তথ্যপ্রমাণ এবং ৫২ জন প্রত্যক্ষদর্শীর জবানবন্দি এতে অন্তর্ভুক্ত করা হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির একাধিক জামিনঅযোগ্য ধারা প্রয়োগ করা হয়েছে। এর মধ্যে রয়েছে বেআইনি জমায়েত (ধারা ১৪৩), দাঙ্গা ও অশান্তি ছড়ানো (ধারা ১৪৭), হিংসাত্মক কাজের ষড়যন্ত্র (ধারা ১৪৯), উসকানিমূলক কাজ (ধারা ১৫২), সরকারি কর্মচারীর কাজের অধিকার লঙ্ঘন ও বাধা প্রদান (ধারা ১৮৬), সাধারণ মানুষকে আঘাত (ধারা ৩২৩) এবং কর্তব্যরত সরকারি আধিকারিককে মারধর করা (ধারা ৩৩২)।

# নিম্নচাপের থাবায় বানভাসি দক্ষিণবঙ্গ, ভাসবে উত্তরও



নিজস্ব প্রতিবেদন: সোমবার রাত থেকেই একটানা মুষলধারে বৃষ্টিতে জলমগ্ন তিলোত্তমা। মঙ্গলবার সকালেও সেই ধারার বিন্দুমাত্র ব্যাঘাত ঘটেনি। বঙ্গোপসাগরে ঘনীভূত সুস্পষ্ট নিম্নচাপের জেরে কলকাতা-সহ গোটা দক্ষিণবঙ্গ জুড়ে শুরু হয়েছে ভারী বর্ষণ। নিম্নচাপের দাপটে সোমবার রাতভর বৃষ্টির পর মঙ্গলবার সকাল থেকেই শহরের রাজপথ থেকে অলিগলি সর্বত্রই থইথই জল। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস, এখনই মিলবে না নিস্তার, বুধবারও শহর জুড়ে জারি থাকতে পারে এই দুর্যোগপূর্ণ পরিস্থিতি।

আলিপুর আবহাওয়া অফিসের তথ্য অনুযায়ী, এবার উত্তরের তুলনায় দক্ষিণ কলকাতায় বৃষ্টির প্রকোপ অনেকটাই বেশি। রাজপথ থেকে পাড়ার গলি জল জমে নরকযন্ত্রণা তৈরি হয়েছে দক্ষিণ কলকাতার বড় এক বিস্তীর্ণ অংশে। গড়িয়াহাট, যাদবপুর, বেহালা এলাকায় রাতভর মুষলধারে বৃষ্টির পর সকাল হতেই দৃশ্যটা ছিল আতঙ্কের। উত্তর কলকাতার শ্যামবাজার থেকে সিঁথিতেও বৃষ্টি হয়েছে, তবে জমা জলের নিরিখে দক্ষিণ কলকাতাই এগিয়ে।

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, পশ্চিমবঙ্গ ও সংলগ্ন উত্তর উপকূল ওড়িশা এবং উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর একটি সুস্পষ্ট নিম্নচাপ অবস্থান করছিল। সেটি ক্রমশ পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে বর্তমানে উত্তর ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর দিয়ে এগোচ্ছে। এর সরাসরি প্রভাব পড়ছে দক্ষিণবঙ্গের আবহাওয়ায়। আর তারই জেরে বুধবারও পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান এবং বীরভূমে ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

# সরকারি ফাইলে অস্পষ্ট সই নয়, আধিকারিকের নাম-সহ সিল বাধ্যতামূলক

**নিজস্ব প্রতিবেদন:** সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহি বাড়াতে নতুন নির্দেশ জারি করল রাজ্য সরকার। এবার থেকে সব সরকারি ফাইল ও চিঠিপত্রে স্বাক্ষরের পাশাপাশি সংশ্লিষ্ট আধিকারিকের পূর্ণ নাম ও পদবিযুক্ত সিল ব্যবহার বাধ্যতামূলক করা হল। সোমবার কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব অনুপ আগরওয়াল এই নির্দেশিকা জারি করেছেন। ১ সেপ্টেম্বর থেকেই তা কার্যকর হয়েছে।

প্রশাসনিক সূত্রের খবর, এতদিন বহু সরকারি নথিতে শুধু স্বাক্ষর থাকত। কিন্তু সেই স্বাক্ষর এতটাই অস্পষ্ট হতো যে, কে সই করেছেন তা চিহ্নিত করা অনেক ক্ষেত্রেই সম্ভব হতো না। এর ফলে দায়িত্ব নির্ধারণে জটিলতা তৈরি হতো এবং অনেক ক্ষেত্রে জবাবদিহি এড়ানোর সুযোগ থাকত।

নতুন নির্দেশ অনুযায়ী, প্রতিটি সরকারি ফাইল ও চিঠিতে স্বাক্ষরের পাশাপাশি সংশ্লিষ্ট আধিকারিকের পূর্ণ নাম ও পদবিসহ সিল ব্যবহার করতে হবে। এর ফলে নথির প্রামাণ্যতা নিশ্চিত হওয়ার পাশাপাশি কোন আধিকারিক কোন ফাইলে সিদ্ধান্ত নিয়েছেন, তা সহজেই চিহ্নিত করা যাবে বলে প্রশাসনের দাবি।

এই নির্দেশিকা ইতিমধ্যেই রাজ্যের সমস্ত দপ্তর, বিভাগ, জেলা শাসক এবং ডিভিশনাল কমিশনারদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রশাসনের আশা, নতুন ব্যবস্থা সরকারি কাজের স্বচ্ছতা ও দায়বদ্ধতা আরও বাড়াবে।


# যাদবপুরের ভিসি ও সিপিকে তলব

■ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফের চরম বিশৃঙ্খলা ও ছাত্র হেনস্থার ঘটনায় কঠোর অবস্থান নিল জাতীয় তফসিলি জাতি কমিশন। ক্যাম্পাসের এক গবেষক-ছাত্রকে ‘দলিত’ পরিচয়ের কারণে শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করার অভিযোগে এবার নড়েচড়ে বসল কমিশন। এই ঘটনায় উপাচার্য অধ্যাপক চিরঞ্জীব ভট্টাচার্য এবং পুলিশ কমিশনারকে সরাসরি নোটিস পাঠাল জাতীয় কমিশন।




# আধুনিক ট্রাম নিয়ে অস্ট্রেলিয়ার সঙ্গে আলোচনা অর্জুন সিংয়ের

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতার পরিবহণ ব্যবস্থার আধুনিকীকরণ এবং কলকাতার ঐতিহ্যবাহী ট্রাম পরিষেবাকে নতুন করে তৈরি করতে নতুন করে পরিকল্পনা নিয়েছে রাজ্য পরিবহণ দপ্তর। ইতিমধ্যেই রেলের নিজস্ব সংস্থা ‘রাইটস’কে সমীক্ষার দায়িত্ব দেওয়া হয়েছে। আর রাজ্য সরকারের এই উদ্যোগের মধ্যে মঙ্গলবার অস্ট্রেলিয়ার কূটনৈতিক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করলেন রাজ্যের পরিবহণ মন্ত্রী অর্জুন সিং।



সোমবার পরিবহণমন্ত্রী অর্জুন সিংয়ের দপ্তরে কলকাতায় নিযুক্ত অস্ট্রেলিয়ার কনসাল জেনারেল বার্নার্ড লিঞ্চের সঙ্গে বৈঠকে শহরের পরিবহণ পরিকাঠামো, নতুন প্রযুক্তির ব্যবহার এবং বিদেশি সংস্থার অংশগ্রহণ নিয়ে আলোচনা হয়। মঙ্গলবার দিনের বৈঠকে কলকাতার ট্রাম পরিষেবার ভবিষ্যৎ নিয়েও দীর্ঘ আলোচনা হয়। পরিবহণ দপ্তর সূত্রে জানা যাচ্ছে, ট্রাম পরিষেবাকে কী ভাবে নতুন করে চালু করা যায়, নতুন উন্নত আধুনিক ট্রাম শহরের বিভিন্ন রাস্তায় কি ভাবে চালান যায়, তা খতিয়ে দেখতে কেন্দ্রীয় সরকারি সংস্থা রাইটস ইতিমধ্যেই সমীক্ষা করছে। সেই রিপোর্ট হাতে পাওয়ার পরই পরবর্তী পদক্ষেপের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলেই মন্ত্রী জানান।

এদিনের বৈঠকে ট্রাম ছাড়াও রাজ্যের পরিবহণ ব্যবস্থার বিভিন্ন বিষয় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। রাজ্যের সড়ক ও গণপরিবহণ পরিকাঠামোর উন্নয়নের পাশাপাশি আধুনিক প্রযুক্তি ব্যবহারের বিষয়েও আলোচনা হয়েছে। মঙ্গলবার মন্ত্রী তাঁর অস্ট্রেলিয়া সফরের অভিজ্ঞতার কথা জানান। সে দেশের বিভিন্ন শহরের পরিবহণ ব্যবস্থা দেখার সুযোগ হয়েছিল তাঁর। সেখানকার কিছু ব্যবস্থা ও প্রযুক্তি পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ পরিবহণ পরিকল্পনায় কাজে লাগানো যায় কি না, তা নিয়েও এদিন আলোচনা হয়।

কলকাতার পরিবহণ পরিকাঠামোর উন্নয়ন করতে অস্ট্রেলিয়ার সংস্থাগুলির অংশ নেওয়ার বিষয়েও আগ্রহের কথা জানান বার্নার্ড লিঞ্চ। এই প্রসঙ্গে পরিবহণমন্ত্রী জানান, রাজ্য সরকারের নির্ধারিত নিয়ম মেনে টেন্ডার প্রক্রিয়ায় বিদেশি সংস্থাও অংশ নিতে পারবে। এই প্রকল্পে আগ্রহী অস্ট্রেলীয় সংস্থাগুলিকে সেই প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য আহ্বান জানান তিনি।

মঙ্গলবারের বৈঠকের পরে মন্ত্রী জানান, ‘আন্তর্জাতিক সহযোগিতা, আধুনিক প্রযুক্তি ও সুপরিকল্পিত উদ্যোগের মাধ্যমে কলকাতার পরিবহণ ব্যবস্থাকে আরও উন্নত, আধুনিক ও ভবিষ্যৎ-উপযোগী করে তোলাই আমাদের লক্ষ্য।’ এই বৈঠকে অস্ট্রেলিয়ার কনসাল জেনারেলের সঙ্গে ছিলেন সিনিয়র ইকোনমিক রিসার্চ অ্যান্ড ভিজিটস অফিসার অনঘা, কর্পোরেট সার্ভিসেস ম্যানেজার রাজীব ঘোষ এবং সিনিয়র রিসার্চ অ্যান্ড ভিজিটস অফিসার অ্যাঞ্জেলিনা নায়ার।

# হাইকোর্টের তীব্র ভর্ৎসনা মমতার বিরুদ্ধে দায়ের জনস্বার্থ মামলায়

**নিজস্ব প্রতিবেদন:** বাংলাদেশের ছাত্রনেতা শরিফ উসমান হাদিকে নিয়ে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যকে কেন্দ্র করে দায়ের করা জনস্বার্থ মামলায় কড়া অবস্থান নিল কলকাতা হাইকোর্ট। অহেতুক জনস্বার্থ মামলা দায়ের করার প্রবণতা নিয়ে প্রবল ক্ষোভ প্রকাশ করতে দেখা গেল আদালতকে। মঙ্গলবার ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি ছিল। শুনানির শুরুতেই মামলার উদ্দেশ্য ও চরিত্র নিয়ে প্রশ্ন তুলে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি স্পষ্ট জানান, ইদানীং জনস্বার্থ মামলাকে একটি বিশেষ ‘হাতিয়ার’ বা প্রচারের মাধ্যম হিসেবে ব্যবহার করা হচ্ছে।

প্রসঙ্গত, বাংলাদেশের হাদি প্রসঙ্গে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রীর একটি মন্তব্যকে ঘিরে চরম রাজনৈতিক বিতর্ক তৈরি হয়। মমতার বিরুদ্ধে রাষ্ট্রদোহিতার অভিযোগ তুলে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করা হয়। মঙ্গলবার সেই মামলার শুনানিতে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী চরম বিরক্তি প্রকাশ করে প্রশ্ন করেন, ‘যে যা কিছু বলবে, তাই কি আদালতকে শুনতে হবে? কেন এই আবেদনকে জনস্বার্থ মামলা হিসেবে আদালত গ্রাহ্য করবে?’এদিন আদালতে মামলাকারীর পক্ষে আইনজীবী অভ্রতনু সরকার সওয়াল করতে গিয়ে দাবি করেন, ‘প্রাক্তন মুখ্যমন্ত্রীর এই বক্তব্য কোনও সাধারণ বিদ্বেষমূলক মন্তব্য বা ‘হেট স্পিচ’ নয়। এই মন্তব্যের সঙ্গে ভারতের জাতীয় সুরক্ষা, আন্তর্জাতিক সম্পর্ক ও দেশীয় সার্বভৌমত্ব সরাসরি যুক্ত। এর প্রভাব অত্যন্ত মারাত্মক হতে পারে।’ অন্যদিকে, রাজ্য ও পুলিশ প্রশাসনের পক্ষে সওয়াল করেন আইনজীবী রাজদীপ মজুমদার। তিনি আদালতের সামনে তথ্য তুলে ধরে জানান, তদন্তে স্পষ্ট দেখা গিয়েছে প্রাক্তন মুখ্যমন্ত্রী যেখানে এই বক্তব্য রেখেছিলেন, সেখানে মামলাকারী নিজে উপস্থিত ছিলেন না। শুধু তাই নয়, ওই বক্তব্যের জেরে ঘটনাস্থল বা তার আশপাশে কোনও অপ্রীতিকর বা অপরাধমূলক ঘটনাও ঘটেনি।

এর পাশাপাশি তৃণমূল কংগ্রেসের পক্ষে বর্ষীয়ান আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় মামলাকারীর যুক্তিকে কাল্পনিক আখ্যা দিয়ে বলেন, ‘মামলাকারীর দাবি, এই মন্তব্যের ফলে বাংলাদেশে হামলা হতে পারে। কিন্তু প্রশ্ন হল, বাংলাদেশে কিছু ঘটলে ভারতের নিরাপত্তা কীভাবে বিঘ্নিত হবে?



## সম্পাদকীয়

### সরকারি দফতরে 'জনতার দরবার', প্রশাসনিক ফাঁকফোকর ভরাতে বড় পদক্ষেপ রাজ্যের

মুখ্যমন্ত্রীর চেয়ারে বসেই আম জনতার সঙ্গে মুখোমুখি সাক্ষাৎ ও সরাসরি তাদের অভাব, অভিযোগ শুনতে ক্ষ্মজনতার দরবারক্ষ্ম চালু করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই দরবার গত তিন মাসেই দারুণ জনপ্রিয় হয়েছে। দূরদূরান্ত থেকে মানুষ আসছেন সমস্যা নিয়ে, আর সমাধান নিয়ে ফিরছেন। এই ব্যবস্থায় খুশি আম জনতা। এই মডেলই এবার রাজ্যের সরকারি দফতরগুলিতে চালু করার পরিকল্পনা করেছেন মুখ্যমন্ত্রী। নিঃসন্দেহে যা অভিনব পদক্ষেপ এবং এর ফলও হবে সুদূরপ্রসারী। কারণ, সরকার অনেক উদ্যোগ নিলেও সরকারি কর্মী ও দফতরগুলির গাফিলতিতে সে সব সাধারণ মানুষ পর্যন্ত পৌঁছায় না। কিন্তু তার দায় নিতে হয় সরকারকে। এই ব্যবস্থায় তা অনেকটাই দূর করা যাবে। সরকারি দফতরের কর্তারাও যদি সরাসরি জনতার মুখোমুখি হন, তাহলে প্রশাসনের অনেক ফাঁকফোকরও বেরিয়ে আসবে। যাতে আখেরে লাভ প্রশাসনেরই। আর সেই জায়গাটাতেই এবার ঘা মারতে চলেছেন বাংলার মুখ্যমন্ত্রী। পরিকল্পনা অনুযায়ী আপাতত সপ্তাহে দু'দিন সরকারি দপ্তরে 'জনতার দরবার' বসবে। সেখানে সরাসরি মানুষের অভিযোগ শুনবেন আধিকারিকরা। প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত সরকারি আধিকারিকরা পূর্ব নির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই মানুষের সঙ্গে সরাসরি দেখা করবেন। এই ব্যবস্থা শুধু নবান্ন বা শহরে সীমাবদ্ধ থাকবে না। জেলাশাসক, মহকুমাশাসক, বিডিও, পুরসভার কমিশনার, পুলিশ আধিকারিক-সহ বিভিন্ন দপ্তরের ফিল্ড-লেভেলের আধিকারিকদেরও এর আওতায় আনা হয়েছে। নির্দিষ্ট সময়ে যাতে আধিকারিকরা মানুষের অভিযোগ শুনতে পারেন, সেজন্য ওই সময় বৈঠক, সরকারি সফর বা অন্য কর্মসূচি যথাসম্ভব না রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট আধিকারিকদের মোবাইল নম্বর ও মেল আইডি দপ্তরের দৃশ্যমান স্থানে এবং সরকারি ওয়েবসাইটে থাকবে। কোন দপ্তরে কোন দিন ও কোন সময়ে জনসাধারণের সঙ্গে সাক্ষাৎ হবে, তাও আগাম নোটিস দিয়ে জানান হবে। অভিযোগ গ্রহণের পর কী পদক্ষেপ নেওয়া হল, তাও নথিভুক্ত করতে হবে 'আপনার সরকার আপনার পাশে' পোর্টালে।

### শব্দছক ২৫৭

রবি দাস

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ■ | ১ | | | ২ | ■ | ৩ | ৪ |
| ৫ | | ■ | ■ | ৬ | ৭ | ■ | |
| | ■ | ৮ | ৯ | ■ | ১০ | ১১ | |
| ১২ | ১৩ | | | ■ | ১৪ | | ■ |
| ■ | ১৫ | | ■ | ১৯ | | | ১৭ |
| ১৮ | | | ■ | ১৯ | | ■ | ১৭ |
| | ■ | ২০ | ২১ | ■ | ■ | ২২ | |
| ২৩ | | ■ | ২৪ | | | | ■ |

**পাশাপাশি:** ১. খবর ৩. নিষেধ ৫. বদ্রীনাথ ধামের পাশে এক পাহাড় ৬. খারিজ ৮. ছাগ বা মেষ ১০. লগ্ন-র কাব্যরূপ ১২. সঙ্গীতের এক রাগিনী ১৪. গোঁসা ১৫. ইংরাজীর ষষ্ঠ মাস ১৬. অপযশ ১৮. প্রকার ১৯. ফন্দি ২০. নতুন ২২. প্রচলন ২৩. বিয়ের পাত্রী ২৪. বক্তব্য পেশের পূর্বে ভদ্রতাপূর্বক নিবেদন

**ওপর-নিচ:** ১. গরম দুধের ওপরে জমতে থাকা স্তর ২. দাম ৪. নাচ ৫. নবাবসুলভ আচরণ ৭. বিষ্ণুপুরে দ্রষ্টব্য কামান ৮. পতন ৯. বারি ১১. গুণতি ১৩. লজ্জা পায় যে ১৬. খালে-বিলে মাছ শিকারী সাদা পক্ষী ১৭. বড় প্রাসাদের অংশে অংশে ভাগ ১৮. ধোপা ২১. অরণ্য ২২. গোপন দূত

**সমাধান ২৫৬ — পাশাপাশি:** ১. বান ৩. শকট ৬. দরজা ৮. মোম ৯. চিমটা ১০ জলদ ১২. সোম ১৩. ঢাল ১৪. রগচটা ১৬. পারদ ১৮. ছানি ১৯. মাগুর ২১. গারল ২২. নব

**ওপর-নিচ:** ১. বাদল ২. নর ৪. করাচি ৫. রাম ৭. জারুল ৮. মোটাসোটা ১০. জলপানি ১১. দরদস্তুর ১৫. চশমা ১৭. সরব ১৮. ছানা ১০. গুন

### আজকের দিন



■ **১৯৪৫** — জাপান টোকিও উপসাগরে ইউএসএস মিসৌরিজাহাজে আনুষ্ঠানিক আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করে, যার মাধ্যমে দ্বিতীয় বিশ্বযুদ্ধের আনুষ্ঠানিকভাবে অবসান ঘটে ।

■ **১৯৪৬** — ভারতের স্বাধীনতা লাভের যাত্রাপথে জওহরলাল নেহরুর নেতৃত্বে অন্তর্বতীকালীন সরকার গঠিত হয়েছিল।

### জন্মদিন



স্বরূপানন্দ সরস্বতী

১৯২৪ *বিশিষ্ট ধর্মগুরু স্বরূপানন্দ সরস্বতীর জন্মদিন।*

১৯৭২ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনত্রী সোনমের জন্মদিন।*

১৯৮৮ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় ইশান্ত শর্মার জন্মদিন।*

# সাইবেরিয়ার ওমস্ক কারাগারে কি সত্যিই নেতাজির সঙ্গে দেখা করেছিলেন বিজয়লক্ষ্মী পণ্ডিত? ইতিহাস, বিতর্ক ও রহস্য

**বেবি চক্রবর্ত্তী**





ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে সবচেয়ে বড় রহস্যগুলির একটি হল নেতাজি সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান। ১৯৪৫ সালের ১৮ আগস্ট তাইহোকু (বর্তমান তাইপেই) বিমান দুর্ঘটনায় তাঁর মৃত্যুর সরকারি ব্যাখ্যা আজও বহু মানুষের কাছে প্রশ্নবিদ্ধ। এই প্রশ্ন থেকেই জন্ম নিয়েছে নানা তত্ত্ব;কেউ বলেছেন তিনি সোভিয়েত রাশিয়ায় গিয়েছিলেন, কেউ বলেছেন তিনি দীর্ঘদিন সাইবেরিয়ার কোনও কারাগারে বন্দি ছিলেন। আবার কেউ দাবি করেছেন তিনি ভারতে গোপন পরিচয়ে জীবন কাটিয়েছিলেন। এই বিতর্কিত তত্ত্বগুলির মধ্যে সবচেয়ে আলোচিত একটি দাবি হলো;স্বাধীন ভারতের প্রথম সোভিয়েত রাষ্ট্রদূত বিজয়লক্ষ্মী পণ্ডিত নাকি সাইবেরিয়ার ওমস্ক কারাগারে বন্দি নেতাজিকে দেখেছিলেন। কিন্তু এই দাবির ভিত্তি কতটা শক্ত? ইতিহাস কী বলে? প্রমাণ কোথায়? এই প্রবন্ধে সেই প্রশ্নগুলির উত্তর খোঁজার চেষ্টা করা হয়েছে।

### বিজয়লক্ষ্মী পণ্ডিত কে ছিলেন?

বিজয়লক্ষ্মী পণ্ডিত ছিলেন জওহরলাল নেহরুর বোন, স্বাধীনতা সংগ্রামের সক্রিয় অংশগ্রহণকারী এবং স্বাধীন ভারতের অন্যতম বিশিষ্ট কূটনীতিক। ১৯৪৭ থেকে ১৯৪৯ সালের মধ্যে তিনি সোভিয়েত ইউনিয়নে ভারতের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন। পরে তিনি যুক্তরাষ্ট্রে রাষ্ট্রদূত, জাতিসংঘ সাধারণ পরিষদের প্রথম মহিলা সভাপতি এবং মহারাষ্ট্রের রাজ্যপালও ছিলেন।সোভিয়েত ইউনিয়নে তাঁর অবস্থান থেকেই পরবর্তীকালে নানা জল্পনার সূত্রপাত হয়।

### ওমস্ক কারাগারের গল্প

বহু বছর ধরে একটি দাবি প্রচারিত হয়ে আসছে যে, স্ট্যালিনের নির্দেশে বিজয়লক্ষ্মী পণ্ডিতকে সাইবেরিয়ার ওমস্ক অঞ্চলের একটি কারাগারে নিয়ে যাওয়া হয়। সেখানে তিনি নাকি দরজার ছোট একটি ছিদ্র দিয়ে নেতাজিকে দেখেছিলেন। দাবি অনুযায়ী, নেতাজি তখন অসুস্থ, দুর্বল এবং অত্যন্ত শোচনীয় অবস্থায় ছিলেন। আরও বলা হয়, ভারতে ফিরে এসে তিনি ব্যক্তিগতভাবে মন্তব্য করেছিলেন যে তাঁর কাছে এমন একটি তথ্য রয়েছে, যা প্রকাশ পেলে স্বাধীনতার দিনের চেয়েও বড় আনন্দের সৃষ্টি হবে। এরপর নেহরুর অনুরোধে তিনি নাকি বিষয়টি প্রকাশ করেননি। এই কাহিনি বহু লেখায় উদ্ধৃত হলেও এর সমর্থনে কোনও সরকারি নথি বা প্রত্যক্ষ সাক্ষ্য আজ পর্যন্ত প্রকাশিত হয়নি।

### এই দাবি কোথা থেকে এল?

প্রথমত, রামকৃষ্ণ মিশনের মস্কো শাখার এক সন্ন্যাসী ২০১৩ সালে দাবি করেন যে বিজয়লক্ষ্মী পণ্ডিত সাইবেরিয়ার কারাগারে নেতাজিকে দেখেছিলেন এবং রুশ আর্কাইভে এ-সংক্রান্ত নথি ছিল। তবে তিনি এমন কোনও নথি প্রকাশ করতে পারেননি।

দ্বিতীয়ত, বিভিন্ন লেখক ও গবেষক এই ঘটনাকে উদ্ধৃত করেছেন, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই তারা প্রত্যক্ষ প্রমাণের বদলে মৌখিক সূত্র বা দ্বিতীয় পর্যায়ের বিবরণের ওপর নির্ভর করেছেন।

তৃতীয়ত, প্রাক্তন আরএসএস প্রধান কে. এস. সুদর্শনের একটি চিঠির উল্লেখ করে সংবাদমাধ্যমে দাবি করা হয় যে বিজয়লক্ষ্মী পণ্ডিত এবং সর্বপল্লী রাধাকৃষ্ণন দুজনেই নাকি রাশিয়ার কারাগারে নেতাজির সঙ্গে দেখা করেছিলেন। কিন্তু সেটিও ব্যক্তিগত দাবি; তার পক্ষে সরকারি দলিল উপস্থাপিত হয়নি।

### ইতিহাসবিদদের অবস্থান

মূলধারার অধিকাংশ ইতিহাসবিদ মনে করেন, এই দাবির পক্ষে এখনও কোনও নির্ভরযোগ্য প্রমাণ পাওয়া যায়নি। বিজয়লক্ষ্মী পণ্ডিতের আত্মজীবনী, তাঁর প্রকাশিত চিঠিপত্র বা সরকারি নথিতে ওমস্ক সফর বা কারাগারে নেতাজির সঙ্গে সাক্ষাতের কোনও নিশ্চিত উল্লেখ নেই। একইভাবে ভারত বা রাশিয়ার সরকারি আর্কাইভ থেকেও এমন কোনও প্রামাণ্য দলিল প্রকাশিত হয়নি যা এই ঘটনাকে প্রতিষ্ঠিত করে।

### নেতাজি তদন্ত কমিশনগুলির পর্যবেক্ষণ

নেতাজির অন্তর্ধান নিয়ে শাহনওয়াজ কমিটি, খোসলা কমিশন এবং বিচারপতি মুখার্জি কমিশন তদন্ত করেছে। বিচারপতি মুখার্জি কমিশন বিমান দুর্ঘটনায় মৃত্যুর সরকারি ব্যাখ্যা নিয়ে প্রশ্ন তুললেও, তারা এই সিদ্ধান্তে পৌঁছায়নি যে নেতাজি নিশ্চিতভাবে সাইবেরিয়ার কারাগারে বন্দি ছিলেন অথবা বিজয়লক্ষ্মী পণ্ডিত তাঁর সঙ্গে দেখা করেছিলেন।অর্থাৎ তদন্তে এই দাবির নিশ্চিত সমর্থন মেলেনি।

### ওমস্ক তত্ত্বের সমস্যা

*(এই তত্ত্বের প্রধান দুর্বলতা হলো প্রমাণের অভাব)*

বিজয়লক্ষ্মী পণ্ডিতের নিজের কোনও লিখিত সাক্ষ্য নেই। ভারত সরকারের প্রকাশিত নথিতে এর উল্লেখ নেই। রুশ সরকারের প্রকাশিত নথিতেও নিশ্চিত প্রমাণ নেই। ওমস্ক সফরের সরকারি রেকর্ড পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শীর যাচাইযোগ্য সাক্ষ্যও অনুপস্থিত। ইতিহাসচর্চায় কেবল মৌখিক বর্ণনা যথেষ্ট নয়; প্রয়োজন নথি, চিঠি, সরকারি রেকর্ড বা সমসাময়িক নির্ভরযোগ্য সাক্ষ্য।

### তাহলে রহস্য কেন বেঁচে আছে?

নেতাজির ব্যক্তিত্ব, তাঁর আকস্মিক অন্তর্ধান এবং বহু নথির দীর্ঘদিন গোপন থাকা মানুষের মনে প্রশ্ন তৈরি করেছে। সেই কারণেই নানা বিকল্প তত্ত্ব আজও আলোচিত হয়। যতদিন পর্যন্ত ভারত ও রাশিয়ার সমস্ত প্রাসঙ্গিক আর্কাইভ সম্পূর্ণভাবে গবেষকদের জন্য উন্মুক্ত না হবে এবং নতুন নথি প্রকাশ না পাবে, ততদিন এই বিতর্ক পুরোপুরি শেষ হওয়ার সম্ভাবনা কম। সাইবেরিয়ার ওমস্ক কারাগারে বিজয়লক্ষ্মী পণ্ডিত নেতাজি সুভাষচন্দ্র বসুর সঙ্গে দেখা করেছিলেন;এই দাবি নিঃসন্দেহে অত্যন্ত আকর্ষণীয় এবং বহু বছর ধরে আলোচিত। কিন্তু ইতিহাসের বিচারে এটি এখনও একটি অপ্রমাণিত দাবি। এর পক্ষে নির্ভরযোগ্য সরকারি নথি, প্রত্যক্ষ প্রমাণ বা স্বীকৃত গবেষণালব্ধ তথ্য আজও প্রকাশিত হয়নি। সুতরাং ইতিহাসের প্রতি দায়িত্বশীল দৃষ্টিভঙ্গি হল ;এই ঘটনাকে প্রতিষ্ঠিত সত্য হিসেবে নয়, বরং নেতাজির অন্তর্ধানকে ঘিরে প্রচলিত একটি বিতর্কিত তত্ত্ব হিসেবে দেখা। ভবিষ্যতে যদি নতুন নথি বা আর্কাইভ প্রকাশিত হয়, তাহলে ইতিহাসের এই অধ্যায় নতুনভাবে মূল্যায়িত হতে পারে। ততদিন পর্যন্ত ওমস্ক কারাগারে বিজয়লক্ষ্মী পণ্ডিতের কথিত সাক্ষাৎ ইতিহাসের এক অনির্ধারিত রহস্য হিসেবেই থেকে যাবে।

# অন্ন-জল ব্যতিরেকে ব্যতিক্রমী প্রহ্লাদ মুলুওয়ার্ক

**সুবীর পাল**



আমরা তো হাজার হলেও মানুষ। পৃথিবীর একমাত্র সভ্য জীব। তবে মানুষেরও যে একটা 'কমন ফ্যাক্টর' জৈবিক শর্ত রয়ে গেছে। বেঁচে থাকার তাগিদে। বিশ্বের সামগ্রিক জীব জগতের খাদ্য ও জল গ্রহণের জাগতিক একমাবেদ্বিতীয়ম দস্তুরে। এটাই তো মানুষ সহ সমগ্র গড় প্রাণিকুলের সহজাত প্রাকৃতিক নিয়ম। সুতরাং খাদ্য গ্রহণ বা জল পানের মতো নিত্য নৈমিত্তিক বিষয়গুলো ছাড়া আমরা বলতে মানুষেরা আর বাঁচতে পারি কই? তাই না? ঠিক ঠিক। এ কথা তো লক্ষ লক্ষ শতাংশ ঠিক।

কিন্তু কিন্তু কিন্তু! আমাদের জীবন অভিধানে 'ব্যতিক্রম' বলে আরও একটা শব্দ আছে যে বস্। এই দুনিয়ায় কিছু কিছু মানুষ আছেন। যাঁরা প্রাকৃতিক খাদ্য গ্রহণ তত্ত্বকে পুরোপুরি খারিজ করে দিয়েছেন আপন ক্যারিশমায়। নিজস্ব শৈলীতে। একেবারে এক্সক্লুসিভ ব্র্যান্ডে। মানুষ যে না খেয়ে, না জল পান করেও বেঁচে থাকতে পারেন একেবারে অনায়াস দিন যাপনের মধ্যে দিয়ে, তা ভাবলে প্রকৃতই অবাক হতে হয় সকলকে।

মিডিয়া ডেকে কোনও দাবি পূরণের উদ্দেশ্যে লাগাতার কয়েকদিন ভুক হরতালের কথা এখানে বলা হয়নি। একেবারে নিপাট খাদ্য গ্রহণের জৈবিক শর্ত উপেক্ষা করে এবং 'জল পান জীবন দান' ডায়ালগকে কার্যত তুড়ি মেরে এই ধরিত্রীতেই যে কিছু মানুষ বেঁচে বর্তে থাকতে পারেন আর পাঁচটা সুস্থ আমজনতার মতোই, তা কিন্তু জানতে পারলে সত্যিই আমাদের হতবাক হতে হয় বৈকি।

এরকমই এক বিস্ময়কর মানুষের নাম প্রহ্লাদ জানি। অবশ্যই তিনি জন্মসূত্রে ভারতীয়। গুজরাটের বাসিন্দা ছিলেন। যিনি 'মাতাজি' বা 'চুনরিওয়ালা মাতাজি' নামেও পরিচিত। এক হিন্দু সাধক হিসেবে এলাকার সবাই তাঁকে চিনতেন। তাঁর দাবি ছিল, কৈশরকাল থেকে তিনি সাধারণ খাবার ও কোনও রকমের পানীয় ছাড়াই বেঁচে ছিলেন। যদিও তাঁর দাবিকে ঘিরে চিকিৎসকগণের এবং পর্যবেক্ষকদের মধ্যে একদা তীব্র বিতর্ক সৃষ্টি হয়েছিল।

প্রহ্লাদ জানির পুরো নাম ছিল প্রহ্লাদভাই মগনলাল জানি। তাঁর জন্ম ১৩ আগস্ট ১৯২৯ সালে হয়েছিল গুজরাটের মেহসানা জেলার চারাডা গ্রামে। শৈশব থেকেই তিনি ধর্মীয় ও আধ্যাত্মিক জীবনযাপনের দিকে আকৃষ্ট হোন। প্রচলিত জীবনী অনুযায়ী, খুব অল্প বয়সেই তিনি বাড়ি ছেড়ে সন্ন্যাস জীবন গ্রহণ করেছিলেন। প্রহ্লাদ জানি নিজেকে দেবী অম্বার পরম ভক্ত হিসেবে পরিচয় দিতেন। সাধারণ সাধুদের মতো গৈরিক বর্ণের পোশাক না পরে লাল রঙের শাড়ির মতো পোশাক পরতেন। মাথায় ফুল এবং বিভিন্ন অলংকার ব্যবহার করতেন। সিঁথিতে পরতেন গাঢ় লাল রঙের সিঁদুর। এই কারণেই ভক্তদের কাছে তিনি 'মাতাজি' বা 'চুনরিওয়ালা মাতাজি' নামে পরিচিত হয়ে ওঠেন।

তাঁকে ঘিরে স্থানীয় মানুষদের মধ্যে সবচেয়ে আশ্চর্যজনক দাবি ছিল, তিনি নাকি খাবার না গ্রহণ করে ও জল পান না করা অবস্থাতেই দীর্ঘদিন বেঁচে রয়েছেন বহাল তবিয়তে। এ প্রসঙ্গে তাঁর নিজস্ব বক্তব্য হলো, 'কিশোর বয়সে দেবী অম্বার আশীর্বাদ প্রাপ্তির পর আমার শরীরে স্বাভাবিক খাদ্য ও পানীয়ের প্রয়োজন একেবারে বন্ধ হয়ে যায়। আমি নিজে হতবাক হলেও এটা ঠিক যে, কোনও এক অলৌকিক শক্তির প্রভাবে আমার বেঁচে থাকার জন্য এক রত্তিও খাবার ও জল আর কখনই দরকার পড়েনি।'

তবে তাঁর এই দাবিকে সহজে মেনে নিতে সম্মত হননি জীব বিজ্ঞানীরা সহ চিকিৎসকদের একটা বড় অংশ। তাঁদের সকলের মতে, এটাই বৈজ্ঞানিক ভাবে চিরসত্য যে খাবার ও জল গ্রহণ ব্যতীত মানুষের শরীরের জন্য প্রয়োজনীয় শক্তি, পুষ্টি ও বিভিন্ন জৈবিক উপাদান দেহের মধ্যে সৃষ্টি হয় না। ফলে দীর্ঘ সময় ধরে খাবার ও জল ছাড়া মানুষের পক্ষে কার্যত বেঁচে থাকার দাবি করাটা চিকিৎসা বিজ্ঞানের দৃষ্টিতে পুরোপুরি অবাস্তব।

এমনই দাবি ও পাল্টা দাবির ব্যাপক দোলাচলে প্রহ্লাদ জানি অচিরেই হয়ে ওঠেন প্রচারের আলোয় হাইপার আইকন। দেশের নানা প্রান্তর থেকে বিদেশের নানা সমাজে ছড়িয়ে পড়ে উনার জীবন ধারণের এ হেন অদ্ভুতুরে কিসসা। কিন্তু তাঁর সমালোচকেরাও নাছোড়বান্দা। তাঁদের মতে, 'ওইসব শুধু মুখের কথায় বুজরুকি ছড়ালে চলবে না। সত্যতা যাচাইয়ের জন্য চাই বাস্তব সম্মত পরীক্ষা নিরীক্ষা।' উল্টো দিকে প্রহ্লাদ জানিও নিজের দাবিতে অবিচল। সুতরাং দুই পক্ষের মধ্যে সৃষ্ট হওয়া তুঙ্গস্পর্শী ধন্দের ধোঁয়াশা কাটাতে ২০০৩ সালে আহমেদাবাদের একটি হাসপাতালে তাঁকে কয়েক দিন পর্যবেক্ষণে রাখা হয়। তাঁর দাবির সত্যতা যাচাই করার উদ্দেশ্যে চিকিৎসকরা উনার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করেন। একইসঙ্গে চলতে থাকে রকমারি চিকিৎসা জনিত আধুনিক পরীক্ষা। বিভিন্ন রিপোর্টে বলা হয়েছিল, তাঁকে একটি তাপ, আলো ও বাতাস নিয়ন্ত্রিত পরিবেশে রাখা হয় এবং তাঁর খাবার ও পানীয় না গ্রহণের বিষয়টিও পর্যবেক্ষণ করা হয়েছিল অত্যন্ত নিখুঁত ভাবে। আর এখানেই সৃষ্টি হয় আরও এক বিস্ময়। হাসপাতালে কর্মরত সমস্ত চিকিৎসক ও উপস্থিত জীব বৈজ্ঞানিকদের সমালোচনার মুখে ঝামা ঘষে তিনি সেদিন প্রমান করে দিয়েছিলেন তে প্রহ্লাদ জানি সত্য ছাড়া মিথ্যা কদাপি বলেননি।

হাসপাতালের ওই পরীক্ষার ফল নিয়ে পরবর্তী সময়ে ব্যাপক আলোচনা হয়। তাঁর সমর্থকেরা এটিকে তাঁর অলৌকিক ক্ষমতার অপার দৃষ্টান্ত হিসেবে দেখেছিলেন। কিন্তু বৈজ্ঞানিক মহলে বিষয়টি নিয়ে কিছুতেই সংশয় কাটছিল না। কারণ চিকিৎসালয়ের ওই পরীক্ষাটি স্বাধীন বৈজ্ঞানিক পর্যবেক্ষণ ও পুনরাবৃত্ত পরীক্ষার যে কঠোর মানদণ্ডের প্রয়োজন ছিল, তা আদৌ পূরণ করা হয়েছিল কিনা, সেটি নিয়েই এবার তাঁরা প্রশ্ন তুলে দেন। একইভাবে সেই পরীক্ষার পদ্ধতি ও ফলাফল নিয়ে বিশেষজ্ঞরা সর্বসম্মত ভাবে কিছুতেই ঐকমত্যে পৌঁছাতে পারছিলেন না।

অতঃপর ২০১০ সালে প্রহ্লাদ জানিকে আবারও চিকিৎসকদের একটি সংগঠিত দল পর্যবেক্ষণ করে। কিন্তু এই পর্যবেক্ষণই শেষমেষ তাঁকে আন্তর্জাতিক সংবাদ মাধ্যমের কাছে আরও পরিচিত করে তোলে। তাঁর ওপর নজরদারি, শারীরিক পরীক্ষা এবং বিভিন্ন মেডিক্যাল নিরীক্ষা চালানো হয়েছিল বলে সংবাদ মাধ্যমগুলোতে প্রচারিত হয়। পৃথিবী ব্যাপী এও সম্প্রচারিত হয় যে, ভারতের চুনরিওয়ালা মাতাজি আশ্চর্যজনক ভাবে কোনও প্রকার খাবার না খেয়ে এবং একবিন্দু জল পান না করে বছরের পর বছর যাবৎ তিনি বেঁচে রয়েছেন। একইসঙ্গে বিজ্ঞানীদের সামনেও তিনি তাঁর এই অবাক করা জীবন ধারণ সম্পর্কে বিভিন্ন চিকিৎসা পদ্ধতিকে কার্যত বোকা বানিয়ে ছেড়েছিলেন।

এই সময় তাঁর দাবি নিয়ে ভারত ও বিদেশে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়। বিশেষ করে প্রশ্ন ওঠে, কোনও মানুষ কি সত্যিই দীর্ঘ সময় খাবার ও জল ছাড়া স্বাভাবিকভাবে বেঁচে থাকতে পারেন? বৈজ্ঞানিক দৃষ্টিতে এর উত্তর সত্যি মেলা ভার। স্বাভাবিক নিয়মে মানুষের শরীর দীর্ঘ সময় খাবারের অভাবে একাধিক শারীর বৃত্তীয় নেতিবাচক পরিবর্তন অবধারিত ঘটতে পারে। আর জল ছাড়া তো দীর্ঘদিন বেঁচে থাকাটাই একেবারে অসম্ভব। কিন্তু প্রহ্লাদ জানি তো আসলে এইসড় বাঁধা ধরা অভ্যস্থ জীবন ধারার একেবারে উল্টো স্রোতের বাসিন্দা। তাই তাঁকে নিয়ে উৎসাহিত বিশ্ববাসীর কৌতূহলের অন্ত ছিল না। এর উপর যজ্ঞে ঘৃতাহুতি দেওয়ার মতো ২০০৬ সালে পৃথিবী খ্যাত জনপ্রিয় টিভি নেটওয়ার্ক 'ডিসকভারি চ্যানেল' তাঁর উপর যখন একটি তথ্যচিত্র সম্প্রচার করে বসে, তখন তো তাঁর কট্টর সমালোচকদেরও 'থোঁতা মুখ ভোঁতা হওয়া'র উপক্রম হয়ে ওঠে। একইসঙ্গে তিনি তৎকালীন সময়ে সমগ্র দুনিয়ার কাছে এক বিস্ময় মানব হিসাবে পরিগণিত হোন একান্ত স্বমহিমায়।

প্রহ্লাদ জানি কখনই সংসার ধর্ম পালন করেননি। তিনি গুজরাটের অম্বাজি এলাকায় থাকতেন। ১৯৪০ সাল থেকে টানা ৭৬ বছর তিনি কোনও ধরনের খাবার ও জল ছাড়াই বেঁচে ছিলেন। এই চমকপ্রদ সাধক ২০২০ সালের ২৬ মে মারা যান।

এটাও ঠিক, জল ও অন্ন স্পর্শ না করে দশক উর্ধ্ব জীবন যাপনের উপকথা শুধু ভারতের প্রহ্লাদ জানির জীবন গাঁথাতেই সীমাবদ্ধ নয়। এমন সম জীবন উপন্যাসের জীবন্ত আরব্য রজনীর উপমা পাওয়া যায় ইথিওপিয়ার আরও এক যুবতীর জীবন আলোচ্যে। নামটি যে তাঁর মুলুওয়ার্ক অ্যামবওয়ে।

ইথিওপিয়ার মুলুওয়ার্ক অ্যামবওয়ের কাহিনি আধুনিক বিশ্বের অন্যতম বিস্ময়কর এবং বিতর্কিত মানব জীবনের গল্প হিসেবে পরিচিত পেয়েছে। ২০২৪ সালে আন্তর্জাতিক সংবাদমাধ্যমে তাঁর কথা ব্যাপকভাবে আচমকা ছড়িয়ে পড়ে। মুলুওয়ার্কের দাবি, মাত্র ১০ বছর বয়সের পর থেকে তিনি আর কোনও খাবার খাননি এবং জল পানও করেননি। অর্থাৎ তাঁর নিজের বক্তব্য অনুযায়ী, আজ অবধি প্রায় ১৮ বছর ধরে তিনি খাদ্য ও পানীয় ছাড়াই জীবন কাটিয়ে চলেছেন অত্যন্ত স্বাভাবিক পর্যায়ে। বর্তমানে তাঁর বয়স ২৮।

ইথিওপিয়ার ওই যুবতী জানান, তিনি যখন প্রায় ১০ বছরের কিশোরী, তখন একদিন স্কুলে যাওয়ার আগে তাঁর জীবনে অদ্ভুত পরিবর্তন ঘটে। পরিবারের গুরুজন তাঁকে সকালের খাবার খেয়ে স্কুলে যেতে বলেছিল। কিন্তু খাবার না খেয়েই স্কুলে চলে যান। পরে বুঝতে পারেন, তাঁর আর খাবারের প্রতি কোনও আগ্রহ বা খিদে অনুভব হচ্ছে না। এর আগে তিনি শেষবারের মতো খেয়েছিলেন ইনজেরা ও ডালজাতীয় খাবার। এরপর থেকে খিদে আর তৃষ্ণার অনুভূতি আর কখনও তাঁর জীবনে ফিরে আসেনি বলেও তিনি উল্লেখ করেন। প্রথম দিকে বিষয়টি নিজের কাছে পুরো বিষয়টি অবাক লাগায় তিনি পরিবারের কাছেও প্রাথমিক ভাবে গোপন রেখেছিলেন। কিন্তু ধীরে ধীরে পরিবারের পরিজনেরা বুঝতে পারেন যে, তিনি সত্যিই আর খাদ্য আর পানীয় কোনও অবস্থাতেই গ্রহণ করছেন না কখনই।


ঘটনাটি প্রথমবার ব্যাপক ভাবে ইথিওপিয়ায় আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে ওঠে ২০১৬ সাল নাগাদ। সে সময় মুলুওয়ার্কের বয়স ছিল প্রায় ১৮ বছর এবং তিনি প্রথমবারের মতো দাবি করেছিলেন যে, গত ৮ বছর ধরে খাবার ও জল গ্রহণ করেননি। তাঁকে চিকিৎসকদের কাছে নিয়ে যাওয়া হলে প্রয়োজনীয় বিভিন্ন পরীক্ষাও করা হয় যথারীতি। কিন্তু তাঁর শরীরের এরকম অস্বাভাবিক আচরণ দেখে ওই চিকিৎসকেরাও থ বনে যান।

পরবর্তী বছরগুলোতে তাঁর ঘটনা আরও বেশিমাত্রায় মানুষের কৌতূহলের কারণ হয়ে ওঠে। ২০২৪ সালে ভ্রমণ বিষয়ক মার্কিন ভিডিও নির্মাতা ড্রিউ বিঙ্কস্কি ইথিওপিয়ায় গিয়ে মুলুওয়ার্কের সঙ্গে সরাসরি সাক্ষাৎ করেন। তিনি তাঁর পরিবার, প্রতিবেশী ও পরিচিতদের সঙ্গে কথা বলেন এবং মুলুওয়ার্কের দৈনন্দিন জীবন পর্যবেক্ষণ করেন। মুলুওয়ার্ক তখনও একই দাবি করেন নিজের সম্পর্কে।

সবচেয়ে আশ্চর্যের বিষয় ছিল, মুলুওয়ার্ক পুরো মাত্রায় একজন সুস্থ ও স্বাভাবিক কর্মক্ষম নারী ছিলেন। পরিবারের জন্য রান্না করতেন, দৈনন্দিনের নিয়মিত কাজ করতেন এবং সামাজিক জীবনও স্বাচ্ছন্দ্যে চালিয়ে যেতেন। এমনকি না খাওয়া অবস্থাতে একটি সন্তানের জন্মও দিয়েছেন তিনি। এই ইথিওপিয়ান রমণী খাবার রান্না করতে পারেন এবং অন্যদের খেতে দেখলেও নিজের জন্য খাবারের তাগিদ মোটেও অনুভব করেন না। মুলুওয়ার্কও অবশ্য প্রহ্লাদ জানির মতো নিজস্ব মন থেকে বিশ্বাস করতেন, ঈশ্বরের অলৌকিক আশীর্বাদের জন্যই বেঁচে থাকার রসদ হিসাবে তাঁকে এখন আর জল ও অন্ন গ্রহণ করতে হয় না। ড্রিউ বিঙ্কস্কির ভিডিও প্রকাশ্যে এলে মুলুওয়ার্কের এই অবাক করা খাদ্যহীন সহ জলহীন জীবন যাপন সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্রুত ট্রোল হয়ে যায় একেবারে ধুমকেতুর গতিতে।

অবশেষে বলতেই হয়, প্রহ্লাদ জানি এবং মুলুওয়ার্ক অ্যামবওয়ের দ্বিজ কাহিনী বিরল থেকে অতীব বিরল হলেও এটিকে নিশ্চিত অলৌকিক ঘটনা হিসেবে না দেখে, বরং অসাধারণ ব্যতিক্রমী মনুষ্য অধ্যায় হিসাবে পর্যালোচনা করাই ভালো। যেখানে বৈজ্ঞানিক বিশ্বাসে ভাঁটা পড়ে যায় অতল অনিচ্ছায়। জোয়ার এসে যায় প্রকৃতির নিয়ম ভাঙ্গা ছকের অসীম ইচ্ছায়। আর জগৎ জোড়ায় বিস্ময় জয়ী হয়ে যায় এক ভিন্ন ব্যতিক্রমী জীবন অভিযোজনের সত্যতম সাক্ষ্যতে।

### কোট-আনকোট



২০০৬ সালের পর বিধায়ক হওয়ার পর থেকে প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বা পরবর্তী কাউকে ক্রেতা সুরক্ষা দপ্তরের কর্মসূচিতে দেখিনি। এই দপ্তর চরম অবহেলিত। মানুষের দৈনন্দিন জীবনের সঙ্গে এই দপ্তরের সরাসরি যোগ রয়েছে।

*শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ*

### লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

# বিজেপি কর্মী খুনের সাত বছর পর তৎপর সিবিআই

**নিজস্ব প্রতিবেদন, সন্দেশখালি:** মুখ্যমন্ত্রীর জনতার দরবারে অভিযোগ করার পরে বিজেপি কর্মী খুনের মামলা ত্বরান্বিত হল। সাত বছর পর সন্দেশখালির ভাঙিপাড়ায় তিন বিজেপি নেতা খুনের মামলায় বড় পদক্ষেপ নিল প্রশাসন। ভোররাতে অভিযান চালিয়ে ছয় জনকে গ্রেপ্তার করল সিবিআই। ধৃতরা সকলেই শেখ শাহাজাহান গোষ্ঠী তৃণমূল কর্মী বলেই জানা গেছে। সাত বছর পর সন্দেশখালির বহুচর্চিত তিন বিজেপি নেতা খুনের মামলায় বড়সড় পদক্ষেপ করল সিবিআই। মঙ্গলবার ভোরে নেজাট থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে বিজেপি নেতা খুনের অভিযোগে ছয় জনকে গ্রেপ্তার করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ধৃতরা প্রত্যেকেই তৃণমূল কর্মী বলে জানা গিয়েছে।

২০১৯ সালের লোকসভা নির্বাচনের আগে, জামাইষষ্ঠীর দিন সন্দেশখালির নেজাট থানার ভাঙ্গীপাড়া এলাকায় দলীয় পতাকা টাঙানোকে কেন্দ্র করে বিজেপি ও তৃণমূল কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। সেই সংঘর্ষে মোট চারজনের মৃত্যু হয়। নিহতদের মধ্যে তিনজন বিজেপি নেতা প্রদীপ মণ্ডল, সুকান্ত মণ্ডল ও দেবদাস মণ্ডল। পাশাপাশি মৃত্যু হয় তৃণমূল কর্মী কাইয়ুম মোল্লার। ঘটনার পর নেজাট থানায় লিখিত অভিযোগ দায়ের হয়।

**সন্দেশখালি**

পরবর্তীতে তদন্তভার যায় রাজ্য গোয়েন্দা সংস্থা সিআইডির হাতে। কিন্তু নিহত বিজেপি নেতাদের পরিবার তদন্তে অসন্তোষ প্রকাশ করে হাইকোর্টের দ্বারস্থ হয়। আদালতের নির্দেশে শেষ পর্যন্ত মামলার তদন্তভার সিবিআইয়ের হাতে আসে। অভিযোগ, দীর্ঘ তদন্তের পর মঙ্গলবার ভোরে নেজাট থানার বিভিন্ন এলাকায় সিবিআই আধিকারিকরা অভিযান চালিয়ে একে একে ছয় অভিযুক্তকে গ্রেফতার করেন। ধৃতরা হল স্বপন দাস, বাবলু মোল্লা, জহুর মির, মোমিন মির, স্বপন মণ্ডল এবং ভানুময় মণ্ডল। সিবিআই সূত্রে ধৃতদের বিরুদ্ধে কী কী নির্দিষ্ট অভিযোগ রয়েছে এবং তাঁদের বিরুদ্ধে কোন ধারায় মামলা করা হয়েছে, তা তদন্তের পরবর্তী পর্যায়ে আরও স্পষ্ট হবে। উল্লেখ্য, এই মামলায় এর আগে আরও ১০ জনকে গ্রেপ্তার করা হয়েছিল বলে জানা গিয়েছে। বর্তমানে তাঁরা জামিনে মুক্ত রয়েছেন। সাত বছর আগে শেখ শাহাজাহানের নির্দেশে ঘটে যাওয়া সেই নৃশংস রক্তাক্ত রাজনৈতিক সংঘর্ষের মামলায় ফের একসঙ্গে ছয়জনের গ্রেপ্তার ঘিরে সন্দেশখালিতে নতুন করে চাঞ্চল্য ছড়িয়েছে। এতদিন পর সিবিআইয়ের এই অভিযানে মামলার তদন্ত কোন দিকে গড়ায়, এখন সেদিকেই নজর রাজনৈতিক মহল থেকে শুরু করে নিহতদের পরিবারের।

# রেস্তোরাঁয় হানা, বসিরহাটে উদ্ধার কয়েক কিলো পচা মাংস

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** আবারও পচা মাংস উদ্ধার রেস্তোরাঁ থেকে। মুখ্যমন্ত্রীর নির্দেশের পর কড়া অ্যাকশন নিল প্রশাসন। রেস্তোরায় হানা দিয়ে উদ্ধার হল কিলো কিলো খাসি ও মুরগির পচা মাংস। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশের পর রেস্তোরাঁয় হানা দিতেই চক্ষু চড়কগাছ আধিকারিকদের। খাদ্য দপ্তর, পুরসভার আধিকারিক ও পুলিশ যৌথ অভিযানে এই বিপুল পরিমাণে পচা মাংস উদ্ধার করল একটি নামকরা রেস্তোরাঁ থেকে। বাদুড়িয়ার দিদিমণি রোড এলাকার ঘটনা। এর আগেও ভাগাড়ের মাংস উদ্ধারের ঘটনায় এই বাদুড়িয়ার নাম প্রথমেই উঠে এসেছিল। বাদুড়িয়ার একটি গোপন আস্তানা থেকে টন টন পচা মাংস উদ্ধার করেছিল পুলিশ। যা নিয়ে রাজ্য উত্তাল হয়ে উঠেছিল। সেই ঘটনার তদন্তে নেমে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ভাগাড়ের মাংস উদ্ধার করেছিল প্রশাসন। গ্রেপ্তার হয়েছিল একাধিক। বন্ধ হয়েছিল একাধিক নামকরা রেস্তোরাঁ। ভাগাড়ের মাংস নিয়ে সেই সময় উত্তাল হয়েছিল রাজ্য রাজনীতি। আবারও সেই বাদুড়িয়ার এক নামকরা রেস্তোরাঁয় হানা দিয়ে উদ্ধার হল কিলো কিলো মুরগির এবং খাসির পচা মাংস। সেই মাংসগুলো বাজেয়াপ্ত করেছে খাদ্য দপ্তর। পাশাপাশি রেস্তোরাঁটিকে খাদ্য দপ্তর থেকে নোটিশ জারি করা হয়েছে।

**কলকাতা ডেটস রিকভারি ট্রাইব্যুনাল - ১**
**কলকাতা - ৭০০০৭১**

**মামলা নং ওএ/৩৭১/২০১৫**
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া -বনাম- লিবারেল অ্যাসোসিয়েশন ফর মুভমেন্ট অফ পিপল**

**বিক্রয় বিজ্ঞপ্তি**

লার্নড প্রিসাইডিং অফিসার-১, ডিআরটি-১ কলকাতা কর্তৃক পাস করা ২৬.০৬.২০২৫ তারিখের আদেশ অনুসারে, নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির বিক্রয় অনুষ্ঠিত হবে:-

**"নারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের স্থানীয় সীমানার মধ্যে, থানা- ক্যানিং, বর্তমান থানা- জীবনতলা, আর.এস খতিয়ান নং ১৬২/১-এর অধীনে (হাল) দাগ নং ১১২২-এ অন্তর্ভুক্ত, জে.এল-১৮১, বি.এল অ্যান্ড এলআরও- ক্যানিং-২, তৌজি নং ১৫১৫ এবং ৩২১৫, মৌজা- শ্রীনগরে অবস্থিত ৫৬ ডেসিমেল এবং ৪৪ ডেসিমেল পরিমাপের শালি জমির সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল।"**

ই-অকশনের মাধ্যমে "যেখানে যেমন আছে" ভিত্তিতে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রি করা হবে এবং তা ট্রাইব্যুনালের চূড়ান্ত অনুমোদনের সাপেক্ষে হবে। ইচ্ছুক ক্রেতাদের সম্পত্তির সংরক্ষিত মূল্যের ১০% বায়না অর্থ হিসেবে শুধুমাত্র প্রিসাইডিং অফিসার, ডিআরটি-১, কলকাতা-এর অনুকূলে ডিমান্ড ড্রাফ্ট/পে অর্ডারের মাধ্যমে অথবা আবেদনকারী ব্যাঙ্কের সাথে পরামর্শ করে নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা করতে হবে। উক্ত জমা সফল বিডারের ক্ষেত্রে সমন্বয় করা হবে এবং ই-অকশন রিপোর্ট প্রাপ্তির পর অন্যান্য বিডারদের ফেরত দেওয়া হবে। সফল বিডারকে বায়না অর্থ সমন্বয়ের পর বিক্রয় মূল্যের ২৫% বিক্রয়ের পরের দিন বিকাল ৪ টার মধ্যে জমা করতে হবে, যদি পরের দিন ১৯.০৯.২০২৬ হয়, ব্যর্থ হলে বায়না জমা বাজেয়াপ্ত করা হবে।

ক্রেতাকে নিলাম বিক্রয়ের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে বিক্রয় মূল্যের অবশিষ্ট ৭৫% জমা করতে হবে। সংরক্ষিত মূল্য, যার নিচে সম্পত্তি বিক্রি করা হবে না তা হলো ২২,৮৬,৯০০/- টাকা (বাইশ লক্ষ ছিয়াশি হাজার নয়শো টাকা মাত্র) এবং সংরক্ষিত মূল্যের ১% হবে বিড বৃদ্ধির পরিমাণ। অন্যান্য নিয়ম ও শর্তাবলী ২৬.০৬.২০২৫ তারিখের ওএ/৩৭১/২০১৫ -এ এই ক্ষেত্রে নিম্নস্বাক্ষরকারী দ্বারা জারি করা বিক্রয় ঘোষণা অনুযায়ী একই থাকবে।

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে উক্ত সম্পত্তি অনলাইন নিলামের (ই-অকশন) মাধ্যমে বিক্রি করা হবে যা ১৮.০৯.২০২৬ তারিখে সকাল ১১ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত ই-অকশন প্ল্যাটফর্ম ওয়েবসাইট: http://drt.auctiontiger.net -এ ৩ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ পরিচালিত হবে। সম্ভাব্য বিডারকে http://drt.auctiontiger.net থেকে বিক্রয় ঘোষণা এবং বিক্রয় বিজ্ঞপ্তি ডাউনলোড করতে হবে এবং তাঁদের অফারের সাথে কলকাতাতে প্রদেয় প্রিসাইডিং অফিসার, ডিআরটি-১, কলকাতা-এর অনুকূলে ডিমান্ড ড্রাফ্ট/পে অর্ডারের মাধ্যমে বায়না অর্থ সহ নিলামে অংশ নেওয়ার জন্য ১৭.০৯.২০২৬ তারিখে বা তার আগে তাঁদের নাম নিবন্ধন করতে হবে। যাইহোক, নিলামের সময় নেটওয়ার্কের মাধ্যমে ঘটা কোনো ত্রুটির জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী থাকবেন না।

অনলাইনে লগইন করে নিলামে অংশগ্রহণের জন্য ই-অকশন প্রদানকারী কোম্পানির দ্বারা আরও নির্দেশাবলী সহ নিবন্ধিত অংশগ্রহণকারী ইচ্ছুক ক্রেতার কাছে সরাসরি ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাঠানো হবে।

অনুমোদিত নিলাম পরিষেবা প্রদানকারী ই-প্রোকিউরমেন্ট টেকনোলজিস লিমিটেড -এর বিবরণ, মোবাইল নং ৯৯৭৮৫৯১৮৮৮, ই-মেইল- support@auctiontiger.net।

আগ্রহী বিডাররা ই-অকশন সংক্রান্ত বিস্তারিত পদ্ধতি, নিয়ম ও শর্তাবলী এবং অন্য কোনো সহায়তা/সাহায্যের জন্য ওয়েবসাইট: http://drt.auctiontiger.net দেখতে পারেন। পরিদর্শন এবং অন্যান্য বিবরণের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন অনুমোদিত অফিসার- মল্লিকা দে, ৬২৯০৬৯২৯৬৩, মোবাইল নং- ৬২৯০৬৯২৯৬৩, সিসিও- কল্পতরু দাস, মোবাইল নং ৭৪৩৯৯৩৮৫৯৯, ঠিকানা- এসবিআই, এসএআরবি-সাউথ-বেঙ্গল (১৫১৯৬) জীবন দীপ বিল্ডিং, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১, ইমেইল আইডি- sbi.15196@sbi.co.in

স্বা/-
রিসিভার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইব্যুনাল-১

স্থান: কলকাতা
তারিখ: ০২.০৯.২০২৬

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**

ফর্ম নং আইএনসি-২৬
(কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ অনুসারে)
কেন্দ্রীয় সরকার
রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন সমীপে
কোম্পানি আইন, ২০১৩, কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১৩(৪), এবং সংশোধিত কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০(৫)(এ)-এর বিষয়ে;
এবং
ইলেকট্রিওয়ান পাওয়ার প্রাইভেট লিমিটেড
CIN : U40102WB2010PTC154915)
**১৯৫৬ সালের কোম্পানি আইনের অধীনে নিবন্ধিত একটি কোম্পানি এবং যার রেজিস্টার্ড অফিস ৩/২, ৭৫সি, পার্ক স্ট্রিট, ৩য় ফ্লোর, কামধেনু বিল্ডিং, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০১৬ সম্পর্কিত**
....আবেদনকারী কোম্পানি

**নোটিশ**

এতদ্বারা সাধারণ জনগণকে জানানো হচ্ছে যে, আবেদনকারী কোম্পানি, কোম্পানি আইন, ২০১৩-এর সেকশন ১৩(৪)-এর অধীনে আঞ্চলিক পরিচালককে অর্পিত ক্ষমতার বলে, ১০ আগস্ট, ২০২৬ তারিখে কম সময়ের নোটিশে অনুষ্ঠিত অসাধারণ সাধারণ সভায় পাস করা বিশেষ প্রস্তাবের শর্ত অনুযায়ী কোম্পানির মেমোরেন্ডাম অফ অ্যাসোসিয়েশনের পরিবর্তনের অনুমোদন চেয়ে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আবেদন করার প্রস্তাব করেছে, যাতে কোম্পানিটি তার রেজিস্টার্ড অফিস **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **"হরিয়ানা রাজ্য"**-এ পরিবর্তন করতে সক্ষম হয়।

রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত পরিবর্তনের দ্বারা যাঁদের স্বার্থ প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন যেকোনো ব্যক্তি, এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)-এ বিনিয়োগকারী অভিযোগ ফর্ম দাখিল করে অথবা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে তাঁর স্বার্থের প্রকৃতি এবং বিরোধিতার ভিত্তি উল্লেখ করে একটি এফিডেভিট সহ তাঁর আবেদন পাঠাতে পারেন রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কর্পোরেট বিষয়ক মন্ত্রক, **যার অফিস কর্পোরেট ভবন, ৬ষ্ঠ ফ্লোর, প্লট নং IIIF/১৬, AA-IIIF রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা-৭০০১৩৫, পশ্চিমবঙ্গ**-এ অবস্থিত, এই নোটিশ প্রকাশের তারিখ থেকে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, উপরের ঠিকানায় অবস্থিত এর রেজিস্টার্ড অফিসে আবেদনকারী কোম্পানির একটি অনুলিপি সহ।

ইলেকট্রিওয়ান পাওয়ার প্রাইভেট লিমিটেড-এর পক্ষে
স্বা/-
অভিষেক খান্ডেলওয়াল
ডিরেক্টর
ডিআইএন - ১১২০৭৪৪৩

স্থান : গুরগাঁও
তারিখ : ০২.০৯.২০২৬

ফর্ম নং ১৪
**[রেগুলেশন ৩৩(২) দেখুন]**
**রেজিস্টার্ড এ/ডি দ্বারা, দস্তি অন্যথায় প্রকাশনার মাধ্যমে।**
**রিকভারি অফিসারের কার্যালয় - I/II**
**ডেটস রিকভারি ট্রাইব্যুনাল, কলকাতা (ডিআরটি ৩)**
৮ম ফ্লোর, জীবন সুধা বিল্ডিং,
৪২সি, জওহর লাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১

**দাবি বিজ্ঞপ্তি**

**দ্য রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাংকরাপ্টসি অ্যাক্ট, ১৯৯৩-এর ২৫ থেকে ২৮ সেকশন এবং ১৯৬১ সালের আয়কর আইনের দ্বিতীয় তফসিলের রুল ২-এর অধীনে নোটিশ।**
আরসি/৩০৮/২০২৫
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বনাম
নূরজাহান হক এবং অন্যান্য

প্রতি
**(সিডি ১) নূরজাহান হক,**
স্বামী- এমদাদুল হক, ১৫৮, মডার্ন পার্ক, কলকাতা-৭০০০৭৫
**(সিডি ২) এমদাদুল হক,**
এ/১৩১, রবীন্দ্র পল্লী, কলকাতা ৭০০০৮৬।
**আরও ঠিকানা :** ১৫৮, মডার্ন পার্ক, কলকাতা - ৭০০০৭৫।
**আরও ঠিকানা :** ডা. সুন্দরি মোহন অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৪।
**আরও ঠিকানা :** ফ্যাক্টরি- ৬১৪, পূর্বাচল রোড, পোঃ- কসবা, কলকাতা-৭০০০৭৮।
**(সিডি ৩) শেখ রফিকউদ্দিন আহমেদ,**
পিতা- সেরাফুদ্দিন আহমেদ, ই-২৮, সম্মিলনী পার্ক, কলকাতা-৭০০০৭৫।

১. এতদ্বারা জানানো হচ্ছে যে, **ডেটস রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (DRT3)**-এর প্রিসাইডিং অফিসারের দ্বারা **ওএ/৬৪২/২০২২** -এ পাস করা আদেশের পরিপূরক হিসেবে জারি করা রিকভারি সার্টিফিকেট অনুযায়ী আপনার বিরুদ্ধে যৌথভাবে এবং পৃথকভাবে/ সম্পূর্ণভাবে/ সীমিতভাবে **১০৯২৩৭৫০.৩৯ টাকা (এক কোটি নয় লক্ষ তেইশ হাজার সাতশো পঞ্চাশ টাকা এবং উনচল্লিশ পয়সা)** এবং তার সাথে **০২/১২/২০২২** তারিখ থেকে আদায় পর্যন্ত বার্ষিক ১৫ শতাংশ সরল সুদের হারে জরিমানা সুদ ও ভবিষ্যৎ সুদ এবং **১১২০০০ টাকা (এক লক্ষ বারো হাজার টাকা)** খরচ বকেয়া হয়েছে।
২. আপনাকে এই নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরোক্ত পরিমাণ অর্থ পরিশোধ করার নির্দেশ দেওয়া হচ্ছে, অন্যথায় রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাংকস অ্যান্ড ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ এবং এর অধীনে প্রণীত নিয়ম অনুযায়ী রিকভারি করা হবে।
৩. শুনানির পরবর্তী তারিখে বা তার আগে আপনাকে একটি এফিডেভিটের মাধ্যমে আপনার সম্পত্তির বিবরণ ঘোষণা করার নির্দেশ দেওয়া হচ্ছে।
৪. পরবর্তী কার্যক্রমের জন্য আপনাকে আগামী **০৭/০৯/২০২৬ তারিখে সকাল ১১.৩০ টায়** নিম্নস্বাক্ষরকারীর সামনে উপস্থিত হওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে।
৫. উপরোক্ত টাকার পাশাপাশি, আপনাকে নিম্নলিখিতগুলি পরিশোধ করতেও দায়বদ্ধ থাকতে হবে
(ক) সার্টিফিকেট/এক্সিকিউশন কার্যক্রমের এই নোটিশের ঠিক পরে শুরু হওয়া মেয়াদের জন্য প্রদেয় সুদ।
(খ) এই নোটিশ এবং ওয়ারেন্ট ও অন্যান্য প্রক্রিয়া পরিবেশন এবং বকেয়া পরিমাণ পুনরুদ্ধারের জন্য গৃহীত অন্যান্য সমস্ত কার্যক্রমের ক্ষেত্রে সংঘটিত সমস্ত খরচ, চার্জ এবং ব্যয়।
ট্রাইব্যুনালের সীলমোহর এবং আমার স্বাক্ষরের অধীনে এই তারিখে প্রদত্ত হলো ০৯/০৭/২০২৬।

স্বা/- রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইব্যুনাল-৩

# বিশ্ব মোটরযানবিহীন দিবসে সাইকেল ব্যবহারে জোর

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** বিশ্ব মোটরযানবিহীন দিবস উপলক্ষে দূষণমুক্ত পরিবহণ হিসেবে সাইকেল ব্যবহারে উৎসাহ দিতে রাজ্যের বিভিন্ন পুরসভা, বিশ্ববিদ্যালয় এবং জেলার প্রশাসনের সর্বোচ্চ আধিকারিকদের কাছে লিখিত আবেদন জানিয়েছে বর্ধমানের একটি স্বেচ্ছাসেবী সংস্থা। ভূগর্ভস্থ জীবাশ্ম জ্বালানি সংরক্ষণ, বায়ুদূষণ কমানো এবং পরিবেশবান্ধব পরিবহণ ব্যবস্থাকে উৎসাহিত করার লক্ষ্যেই এই উদ্যোগ বলে সংস্থার তরফে জানানো হয়েছে। প্রস্তাবটিকে সমর্থন করেছে রাজ্যের বিভিন্ন সাইক্লিং ক্লাবও। একই সঙ্গে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং স্থানীয় প্রশাসনের তরফে দিনটি উপলক্ষে প্রতীকী ও বাস্তবভিত্তিক উদ্যোগ নেওয়ারও আবেদন করা হয়েছে। উদ্যোগীদের তরফে পূর্ব বর্ধমান সাইক্লিং ক্লাবের সাধারণ সম্পাদক সন্দীপন সরকার বলেন, 'পূর্ব বর্ধমান সাইক্লিং ক্লাব গত কয়েক বছর ধরে বিশ্ব মোটরযানবিহীন দিবস উপলক্ষে এই ধরনের আবেদন জানিয়ে আসছে এবং সাইকেল র‌্যালির মাধ্যমেও দিবসটি পালন করে জনসচেতনতা তৈরির চেষ্টা করেছে। এবার আমরা চাই, পূর্ব বর্ধমানের এই উদ্যোগ রাজ্যজুড়ে একটি বৃহত্তর ও সমন্বিত কর্মসূচিতে পরিণত হোক। আগামী ২২ সেপ্টেম্বর বিশ্ব মোটরযানবিহীন দিবসে অফিসকর্মী, ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষকে সম্ভব হলে পেট্রোল-ডিজেলচালিত যানবাহনের পরিবর্তে সাইকেল ব্যবহারে উৎসাহিত করার আবেদন জানানো হয়েছে। শুধু একটি দিনের প্রতীকী কর্মসূচি নয়, পরিবেশবান্ধব ও স্বাস্থ্যকর যাতায়াতের অভ্যাসকে দীর্ঘমেয়াদে গড়ে তোলাই আমাদের মূল উদ্দেশ্য।' এদিন সংস্থার তরফে পূর্ব বর্ধমানের জেলাশাসকের মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছেও পৃথক আবেদন পাঠানো হচ্ছে, যাতে ২২ সেপ্টেম্বর বিশ্ব মোটরযানবিহীন দিবস রাজ্যের সর্বত্র সরকারি ও প্রশাসনিক উদ্যোগে পালন এবং সাইকেল ব্যবহারে সাধারণ মানুষকে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়।

**REGAAL RESOURCES**

**রিগাল রিসোর্সেস লিমিটেড**
CIN : L15100WB2012PLC171600
নিবন্ধিত কার্যালয় : ৬ষ্ঠ ফ্লোর, ডি২/২, ব্লক - ইপি এবং জিপি, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা - ৭০০০৯১, পশ্চিমবঙ্গ
ফোন : ০৩৩ ৩৫২২২৪২২ ই-মেইল : info@regaal.in ওয়েবসাইট : www.regaalresources.com

**ভিডিও কনফারেন্সিং/ অন্যান্য অডিও ভিজ্যুয়াল উপায়ের মাধ্যমে অনুষ্ঠিতব্য রিগাল রিসোর্সেস লিমিটেড-এর ১৪তম বার্ষিক সাধারণ সভার নোটিশ**

এতদ্বারা নোটিশ দেওয়া যাচ্ছে যে রিগাল রিসোর্সেস লিমিটেডের ("কোম্পানি") ১৪তম (চতুর্দশ) বার্ষিক সাধারণ সভা ("এজিএম") বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে বিকাল ৩টায় (আইএসটি) ভিডিও কনফারেন্স ("ভিসি")/ অন্যান্য অডিও ভিজ্যুয়াল উপায় ("ওএভিএম") সুবিধার মাধ্যমে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এই সভাটি কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") দ্বারা জারি করা ৫ মে, ২০২০ তারিখের সাধারণ সার্কুলার নং ২০/২০২০ এবং এই বিষয়ে পরবর্তীতে জারি করা অন্যান্য সার্কুলার, যার মধ্যে সর্বশেষটি হলো ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের সাধারণ সার্কুলার নং ০৩/২০২৫ এবং সেবি দ্বারা জারি করা অন্যান্য প্রযোজ্য সার্কুলারের সাথে পঠিত কোম্পানি আইন, ২০১৩ ("অ্যাক্ট") এবং এর অধীনে প্রণীত রুলস এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস") এর প্রযোজ্য বিধানগুলি মেনে এজিএম-এর নোটিশে ("নোটিশ") নির্ধারিত ব্যবসায়িক কাজগুলি সম্পাদন করার জন্য কোনো একটি সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই অনুষ্ঠিত হবে।

উপরোক্ত এমসিএ সার্কুলার এবং সেবি লিস্টিং রেগুলেশনস মেনে, ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন সহ নোটিশটি মঙ্গলবার ০১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে ইলেকট্রনিক মোডের মাধ্যমে সেই সকল সদস্যদের কাছে পাঠানো হয়েছে যাঁদের ইমেল ঠিকানাগুলি তাঁদের নিজ নিজ ডিপোজিটরি/ ডিপোজিটরি পার্টিসিপেন্টস ("ডিপি"), কোম্পানি বা কোম্পানির আরটিএ -এর কাছে নিবন্ধিত আছে। অধিকন্তু, সেবি লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৩৬(১)(বি) অনুযায়ী, যে সদস্যরা এখনও কোম্পানি/আরটিএ/ডিপোজিটরির কাছে তাঁদের ইমেল ঠিকানাগুলি নিবন্ধন করেননি, তাঁদের নিবন্ধিত ঠিকানায় একটি পত্র পাঠানো হয়েছে, যেখানে ওয়েব-লিঙ্ক এবং সঠিক পথ প্রদান করা হয়েছে, যেখান থেকে নোটিশ এবং বার্ষিক প্রতিবেদনের সম্পূর্ণ বিবরণ পাওয়া যাবে।

নোটিশ এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.regaalresources.com, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) এবং কোম্পানির ই-ভোটিং এজেন্সি এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড -এর ওয়েবসাইটে (https://instavote.linkintime.co.in/)-ও উপলব্ধ করা হয়েছে।

এতদ্বারা সমস্ত সদস্যদের জানানো হচ্ছে যে :

১. সময়ে সময়ে সংশোধিত কোম্পানি আইন, ২০১৩-এর সেকশন ১০৮-এর সাথে পঠিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ২০, এবং লিস্টিং রেগুলেশনের রেগুলেশন ৪৪ এবং সময়ে সময়ে সংশোধিত অন্যান্য প্রযোজ্য বিধান, ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া দ্বারা জারি করা সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস - ২ (এসএস-২) এবং প্রযোজ্য সার্কুলার মেনে, কোম্পানি এজিএম-এ সম্পাদিত হওয়া ব্যবসার বিষয়ে তার সদস্যদের ই-ভোটিং সুবিধা প্রদান করতে পেরে আনন্দিত।

২. রিমোট ই-ভোটিংয়ের সময়কাল রবিবার, ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সকাল ৯টায় (আইএসটি) শুরু হবে এবং মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বিকাল ৫টায় (আইএসটি) শেষ হবে। ভোটদানের জন্য উপরোক্ত তারিখ ও সময়ের পরে ই-ভোটিং এজেন্সি অর্থাৎ এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেবে এবং একবার কোনো সদস্য কোনো প্রস্তাবের উপর ভোট দিলে, পরবর্তীতে সদস্যকে তা পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না। উপরে উল্লেখিত সময়ের পরে রিমোট ই-ভোটিং সুবিধার অনুমতি দেওয়া হবে না। লগইন করার এবং রিমোট ই-ভোটিং সুবিধা অ্যাক্সেস করার বিস্তারিত পদ্ধতি নোটিশের ৩৪ নম্বর ক্লজ/নোট-এ দেওয়া হয়েছে।

৩. কোম্পানি বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬ তারিখটিকে কাট-অফ ডেট হিসেবে নির্ধারণ করেছে, এজিএম-এর নোটিশে দেওয়া প্রস্তাবগুলিতে ভোট দেওয়ার অধিকারী সদস্যদের নির্ধারণ করার জন্য। শুধুমাত্র সেই সমস্ত সদস্যরা এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিং সুবিধা বা ই-ভোটিং সুবিধা পাওয়ার অধিকারী হবেন, যাঁদের নাম উপরোক্ত কাট-অফ তারিখে ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা সদস্যদের রেজিস্টার বা বেনিফিশিয়াল ওনার্স -এর মধ্যে উপস্থিত থাকবে। কাট-অফ তারিখে কোম্পানির পরিশোধিত ইকুইটি শেয়ার ক্যাপিটালে তাঁদের শেয়ারের অনুপাতে সদস্যদের ভোটাধিকার থাকবে।

৪. যে সদস্যরা কোম্পানির কাছে তাঁদের ইমেল ঠিকানাগুলি নিবন্ধন করেননি, তাঁরা তাঁদের ইউজার ক্রেডেনশিয়াল ব্যবহার করে ই-ভোটিং ওয়েবসাইট https://instavote.linkintime.co.in-এ লগইন করে মিটিং চলাকালীন রিমোট ই-ভোটিং বা ই-ভোটিং সুবিধার মাধ্যমে তাঁদের ভোট দিতে পারবেন। সদস্যদের কোম্পানি/স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে উপলব্ধ নোটিশে দেওয়া নির্দেশাবলী পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

৫. যে কোনো ব্যক্তি যিনি নোটিশ পাঠানোর পর কোম্পানির শেয়ার অর্জন করেন এবং কোম্পানির সদস্য হন এবং কাট-অফ তারিখ অর্থাৎ বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে শেয়ার ধারণ করেন, তিনি enotices@in.mpms.mufg.com-এ একটি অনুরোধ পাঠিয়ে ই-ভোটিংয়ের জন্য লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন।

৬. যে সদস্যরা ভিসি/ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ উপস্থিত থাকবেন এবং রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে রেজোলিউশনে তাঁদের ভোট দেননি এবং অন্যথায় তা করতে বাধা দেওয়া হয়নি, তাঁরা এজিএম চলাকালীন উপলব্ধ করা ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দেওয়ার যোগ্য হবেন।

৭. যে সদস্যরা এজিএম-এর আগে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাঁদের ভোট দিয়েছেন, তাঁরা ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করতে পারেন তবে এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না।

৮. এমসিএ সার্কুলার এবং অন্যান্য প্রযোজ্য সার্কুলার অনুসারে, ভিসি/ওএভিএম-এর মাধ্যমে মিটিংয়ে উপস্থিত সদস্যদের কোরামের উদ্দেশ্যে গণনা করা হবে। যেহেতু এজিএম ভিসি/ওএভিএম-এর মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে, তাই সদস্যদের দ্বারা প্রক্সি নিয়োগের সুবিধা উপলব্ধ নেই।

৯. ইলেকট্রনিক মাধ্যমে ভোটদানের সুবিধা সম্পর্কিত কোনো অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা https-://instavote.linkintime.co.in/-এ উপলব্ধ এফএকিউ এবং ইনস্টাভোট ই-ভোটিং ম্যানুয়াল দেখতে পারেন অথবা শ্রী রাজীব রঞ্জন, সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট - ইভোটিং, সি-১০১, এমব্যাসি ২৪৭, এল.বি.এস. মার্গ, ভিখরোলি (পশ্চিম), মুম্বই - ৪০০০৮৩-এর সাথে ০২২-৪৯১৮৬০০০ নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা enotices@in.mpms.mufg.com-এ একটি ই-মেইল লিখতে পারেন।

১০. ১৮ নভেম্বর, ২০২৫ তারিখের সেবি সার্কুলার নং SEBI/LADNRO/ GN/2025/273 অনুসারে, চূড়ান্ত লভ্যাংশ শুধুমাত্র ইলেকট্রনিক মোডে দেওয়া হবে এবং লভ্যাংশ প্রদানের জন্য কোনো 'পেয়েবল অ্যাট পার' ওয়ারেন্ট বা চেক বা ড্রাফ্ট জারি করা হবে না। ইসিএস সুবিধার অনুপস্থিতিতে বা লভ্যাংশ ইলেকট্রনিক হস্তান্তরে ব্যর্থতার ক্ষেত্রে, সদস্যরা তাঁদের নিজ নিজ ডিপি-দের সাথে কেওয়াইসি সম্পর্কিত সমস্ত বিবরণ নিবন্ধন/আপডেট না করা পর্যন্ত কোম্পানি লভ্যাংশ আটকে রাখবে। যে সদস্যরা সম্পূর্ণ ব্যাঙ্কের বিবরণ এবং যোগাযোগের অন্যান্য বিবরণ সহ তাঁদের ই-মেইল ঠিকানা এবং ইলেকট্রনিক ক্লিয়ারিং সার্ভিস (ইসিএস) ম্যান্ডেট নিবন্ধন/আপডেট করেননি, তাঁদের অনুরোধ করা হচ্ছে যে তাঁরা যে ডিপোজিটরি পার্টিসিপেন্ট(দের) কাছে তাঁদের ডিম্যাট অ্যাকাউন্টগুলি পরিচালনা করেন সেখানে এটি নিবন্ধন/আপডেট করার জন্য।

১১. সদস্যদের এজিএম-এর নোটিশে নির্ধারিত সমস্ত নোট এবং বিশেষ করে এজিএম-এ যোগদানের নির্দেশাবলী, রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি মনোযোগ সহকারে পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

রিগাল রিসোর্সেস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
টিঙ্কু কুমার গুপ্তা
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ০১ সেপ্টেম্বর, ২০২৬

**সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া / सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया / Central Bank of India**

**আঞ্চলিক কার্যালয় : বাঁকুড়া**
**মাচানতলা, ফ্যান্সি মার্কেটের কাছে**
**বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন - ৭২২১০১**

**যান বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**কোটেশন আহ্বানের বিজ্ঞপ্তি**

**সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর অনুমোদিত অফিসার নীচে উল্লিখিত যানটি বিক্রয়ের জন্য সিল করা কোটেশন আহ্বান করছেন, যা ১৬.০৯.২০২৬ তারিখে দুপুর ০১:০০ টায় সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আঞ্চলিক কার্যালয় বাঁকুড়া-এর অফিসে পরিচালিত হবে। যানটি সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছে হাইপোথিকেটেড করা আছে, ঋণগ্রহীতার কাছ থেকে নিজ নিজ বকেয়া আদায়ের জন্য সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার যার বাস্তবিক দখল নিয়েছেন:**

| ক্র. নং. | যানের বিবরণ | ঋণগ্রহীতার নাম এবং অ্যাকাউন্ট নং | বকেয়া পাওনা | সংরক্ষিত মূল্য ইএমডি | দায়বদ্ধতা এবং অন্যান্য কোনো তথ্য |
|---|---|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন নং- WB-67C-2073<br>প্রস্তুতকারক : অশোক লেল্যান্ড<br>মডেল ও ভ্যারিয়েন্ট: NR4825/66 T TIP, সাদা<br>উৎপাদনের তারিখ : ২৬.০৭.২০২৩ | শ্রী মানিক রায়<br>লোন অ্যাকাউন্ট নং ৫৪২৮২২৭৯৮৬ | ৪৬,৯২,২১২.৬৪ টাকা | ২৩,৬৫,০০০.০০ টাকা<br>২,৩৬,৫০০.০০ টাকা | ব্যাঙ্কের জানা নেই |

বিক্রয়টি "যেখানে যেমন আছে", "যেমন আছে যা আছে" এবং "যাই থাক না কেন" ভিত্তিতে হবে। সংশ্লিষ্ট যানের কোটেশন মূল্য অবশ্যই সংরক্ষিত মূল্যের উপরে হতে হবে। কোটেশনগুলি নির্ধারিত বিন্যাসে আনুষঙ্গিক নথি অনুযায়ী জমা দিতে হবে। নির্ধারিত বিন্যাসে না থাকা বা কোনো দিক থেকে অসম্পূর্ণ যেকোনো কোটেশন বাতিল বলে গণ্য হবে। হার / কোটেশন অঙ্কে এবং শব্দে উভয়ভাবেই উল্লেখ করতে হবে। উদ্ধৃত পরিমাণ নির্ণয়ে কোনো অস্পষ্টতা থাকলে, শব্দে উল্লিখিত পরিমাণকেই উদ্ধৃত পরিমাণ হিসেবে ধরা হবে। নির্দিষ্ট যানের রেজিস্ট্রেশন নং লেখা খামের উপর সুপারস্ক্রিপ্ট করা সিল করা কোটেশন শুধুমাত্র রেজিস্টার্ড পোস্ট / স্পিড পোস্টের মাধ্যমে জমা দিতে হবে। হাতে হাতে, কুরিয়ার বা অন্য কোনো উপায়ে কোটেশন জমা নেওয়া হবে না। **সিল করা কোটেশনগুলি অবশ্যই ১৬.০৯.২০২৬ তারিখ দুপুর ১২:০০ টার আগে অনুমোদিত অফিসারের কাছে পৌঁছাতে হবে।** কোটেশনগুলি বিবেচনার জন্য নেওয়া হবে/ বৈধ বলে গণ্য করা হবে, শুধুমাত্র যদি যানের জন্য ইএমডি পরিমাণ জমা দেওয়া হয়। **ডিমান্ড ড্রাফ্ট/ এনইএফটি -এর মাধ্যমে ইএমডি প্রদান/ জমা করা যেতে পারে। ইএমডি যদি ডিমান্ড ড্রাফ্টের মাধ্যমে জমা দিতে হয়, তবে তা অবশ্যই "সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া" -এর অনুকূলে কাটতে হবে।** ইএমডি যদি এনইএফটি-এর মাধ্যমে জমা দিতে হয়, তবে পেমেন্ট অবশ্যই নীচে দেওয়া বিবরণ অনুযায়ী করতে হবে:-
**i) অ্যাকাউন্টের নাম - BANKURA RO OFFICE**
**ii) অ্যাকাউন্ট নং 3862207403**
**iii) আইএফএসসি : CBIN0280115**
যদি ডিডি -এর মাধ্যমে ইএমডি জমা দেওয়া হয়, তবে যে যানের জন্য ইএমডি দেওয়া হচ্ছে তার বিবরণ ডিডি-র উল্টোদিকে উল্লেখ করতে হবে। প্রতিটি পৃথক কোটেশনের জন্য, ইএমডি-এর দিকে পৃথক পেমেন্ট করতে হবে। যদি কোনো ব্যক্তি একাধিক যান বিক্রয়ে অংশ নিতে চান এবং কোটেশন জমা দেন, তবে প্রতিটি কোটেশনের জন্য ইএমডি-র পৃথক পেমেন্ট করতে হবে। ইএমডি একসাথে যুক্ত করা অনুমোদিত নয়। প্রাপ্ত কোটেশনগুলি **১৬.০৯.২০২৬ তারিখে দুপুর ০১:০০ টায়** আঞ্চলিক কার্যালয় বাঁকুড়ায় অনুমোদিত অফিসারের কার্যালয়ে খোলা হবে। কোটেশন গ্রহণের বিষয়টি অনুমোদিত অফিসারের নিজস্ব বিবেচনার উপর নির্ভর করবে, যাঁর কাছে কোনো কারণ দর্শানো ছাড়াই প্রাপ্ত যেকোনো বা সমস্ত কোটেশন প্রত্যাখ্যান করার অধিকার থাকবে। কোটেশন জমা দিতে ইচ্ছুক যেকোনো ব্যক্তিকে তাঁর কোটেশন জমা দেওয়ার আগে যানটি পরিদর্শন ও পরীক্ষা করার এবং যানের বাস্তবিক ও যান্ত্রিক অবস্থা সম্পর্কে নিজেকে সন্তুষ্ট করার পরামর্শ দেওয়া হচ্ছে। কোটেশন জমা দেওয়া যেকোনো ব্যক্তির যানের বাস্তবিক ও যান্ত্রিক অবস্থা সম্পর্কে পূর্ণ জ্ঞান আছে বলে গণ্য করা হবে, তিনি এটি পরিদর্শন করুন বা না করুন। নির্বাচিত ক্রেতাকে তাঁর কোটেশন সফল কোটেশন হিসেবে নির্বাচনের তথ্য প্রাপ্তির তারিখের পরের কার্যদিবসের মধ্যে উদ্ধৃত পরিমাণের অন্তত ২৫% প্রদান করতে হবে। বাকি পরিমাণ ঘোষণার তারিখ থেকে ০৭ দিনের মধ্যে প্রদান করতে হবে। নির্ধারিত পদ্ধতিতে অর্থ প্রদানে ব্যর্থ হলে কোটেশন বাতিল হয়ে যাবে এবং ইতিমধ্যে জমা দেওয়া সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত হবে। ক্রেতাকে সুরক্ষিত পাওনাদারের জানা কোনো দায়বদ্ধতা থাকলে তাও বহন করতে হবে এবং প্রদান করতে হবে। সম্পূর্ণ বিক্রয় মূল্য (সাথে জিএসটি প্রদানের পর নির্বাচিত ক্রেতাকে বিক্রয় শংসাপত্র দেওয়া হবে। যানের হস্তান্তর সম্পর্কিত সমস্ত নথিপত্রও ক্রেতাকে প্রদান করা হবে। ক্রেতার নিজের নামে যানটি নিবন্ধন করা সম্পূর্ণভাবে ক্রেতার দায়িত্ব হবে। যানের মালিকের নাম থেকে ক্রেতার নামে মালিকানা হস্তান্তর সম্পন্ন করার জন্য হাইপোথিকেশন সরানো এবং অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করার সমস্ত খরচ শুধুমাত্র ক্রেতাকেই বহন করতে হবে। যানের বাস্তবিক দখল ক্রেতার কাছে হস্তান্তর করা হবে শুধুমাত্র তখনই যখন ক্রেতা তাঁর নামে যানটি হস্তান্তরের জন্য আরটিও -এর সামনে আবেদন জমা দেওয়ার পর্যাপ্ত এবং সন্তোষজনক প্রমাণ উপস্থাপন করবেন। বিক্রয় শংসাপত্র জারির পর থেকে বাস্তবিক দখল হস্তান্তরের তারিখ পর্যন্ত পার্কিং এবং সুরক্ষা চার্জ (যদি থাকে) ক্রেতাকে বহন করতে হবে। কোটেশন প্রস্তুতকারী/ ক্রেতাকে সমস্ত তথ্য প্রাথমিকভাবে ই-মেইলের মাধ্যমে জানানো হবে। যদি কোনো তথ্য না পৌঁছায়, কোটেশন প্রস্তুতকারীরা অনুমোদিত অফিসারের কার্যালয় থেকে প্রক্রিয়ার স্থিতি জেনে নিতে পারেন। তথ্য না পাওয়াকে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ধৃত মূল্য পরিমাণ প্রদানে খেলাপ/অ-প্রদানের অজুহাত হিসেবে ধরা উচিত নয়। **যানটি ০২.০৯.২০২৬ তারিখে সকাল ১১:০০ টা থেকে বিকাল ০৩:৩০ টা পর্যন্ত পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।** কোটেশন জমা দেওয়া সমস্ত ব্যক্তিকে বিক্রয়ের শর্তাবলী পড়েছেন এবং বুঝেছেন বলে গণ্য করা হবে এবং শর্তাবলী দ্বারা আবদ্ধ থাকবেন। সমস্ত উদ্দেশ্য ও লক্ষ্যের জন্য, সাধারণ জনগণের কাছ থেকে কোটেশন আহ্বানের এই বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট যানের বিশদ বিবরণের বিপরীতে যাঁদের নাম এবং ঠিকানা প্রকাশিত হয়েছে সেই যানের মালিকদের উদ্দেশ্যে প্রকাশনার মাধ্যমে নোটিশ হিসাবেও পরিবেশন করা হচ্ছে।

**যোগাযোগ মোবাইল নং ৭৭৮৭৯৬৪৭৪৬/৮৬৯৫৬২৪২০৭**

তারিখ : ০১.০৯.২০২৬
স্থান : বাঁকুড়া
**ই-মেইল আইডি: recvbankro@centralbank.co.in**
অনুমোদিত অফিসার
সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

**SBI**

**স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, দক্ষিণবঙ্গ**
**জীবন দীপ বিল্ডিং, ২য় ফ্লোর, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১**
**ফোন: (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in**

**ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি**

**অনুমোদিত অফিসারের বিবরণ: নাম: জয়ন্ত অগাস্টিন মুন্ডু, ই-মেইল আইডি: sbi.15196@sbi.co.in, মোবাইল নং: ৯০৫১১০৮৭৪৫**

স্থাবর সম্পদের ক্ষেত্রে প্রযোজ্য সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর অনুবিধির সাথে পঠিত রুল ৯(১)-এর অধীনে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকন-স্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা/গ্যারান্টার/বন্ধকদাতাদের নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত সুরক্ষিত সম্পদ সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক করা হয়েছে, যার **বাস্তবিক দখল** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদার-এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, তা নীচে উল্লেখিত তারিখে **"যেখানে যেমন আছে", "যেমন আছে যা আছে"** এবং **"যাই থাক না কেন"** ভিত্তিতে বিক্রি করা হবে।

**ই-অকশনের তারিখ ও সময় : তারিখ : ২৪.০৯.২০২৬**
**নিলামের সময় সকাল ১১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত, প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ।**

| ক্র. নং. | ইউনিট / ঋণগ্রহীতা / গ্যারান্টারদের নাম | বিক্রয়যোগ্য সম্পদের বিবরণ | বকেয়া পাওনা | ক) সংরক্ষিত মূল্য<br>খ) ইএমডি @ ১০%<br>গ) বিড বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | **মনোজ সরকার**<br>পিতা- মন্টু সরকার<br>**পিঙ্কি কুমীর (প্রয়াত পুতুল সরকারের আইনি উত্তরাধিকারী)**<br>পিতা- মন্টু সরকার<br>**উভয়ের ঠিকানা:** ফ্ল্যাট নং এফ-সি, ১ম ফ্লোর, হোল্ডিং নং ১৬০ রাম রতন ঘোষ রোড, ওয়ার্ড নং ১৭, রাজপুর সোনারপুর পৌরসভার অধীনে, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা- ৭০০১৪৯, পশ্চিমবঙ্গ। | রাজপুর-সোনারপুর পৌরসভার অধীনে ১৭ নং ওয়ার্ডের ১৬০ নং রাম রতন ঘোষ রোডে অবস্থিত ১ম ফ্লোরে ৮৬১ বর্গফুট পরিমাপের ফ্ল্যাট নং এফ-সি চিহ্নিত একটি স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাটের সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যার মধ্যে দুটি বেডরুম, একটি ডাইনিং স্পেস, একটি রান্নাঘর, একটি বাথ কাম প্রিভি, একটি ডব্লিউসি, একটি বারান্দা রয়েছে। যা মৌজা, জে.এল. নং ৫৫, তৌজি নং ২৫১, পরগনা- মেদান মল্লা, আর.এস. খতিয়ান নং ১২১৪, ১২১৮, ১২৩১, ১৮০৬, ১৮১০ এবং ১২৩৬-এর অধীনে আর.এস. দাগ নং ৫২৪ এর সাথে সম্পর্কিত, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা- ৭০০১৪৯, পশ্চিমবঙ্গে অবস্থিত।<br>**উক্ত সম্পত্তির সীমানা নিম্নরূপ:** পূর্বে: ফ্ল্যাট এ, পশ্চিমে: সাধারণ স্থান, উত্তরে: ফ্ল্যাট ডি দক্ষিণে: সাধারণ স্থান। **সম্পত্তিটি পুতুল সরকার এবং মনোজ সরকারের নামে রয়েছে, ২০১৮ সালের দলিল নং ১৯০১০৭২৮০ অনুযায়ী,** যা বুক নং ১, পৃষ্ঠা ৩০২৬৭৩ থেকে ৩০২৭২৯, ভলিউম নং ১৯০১-২০১৮ তে অতিরিক্ত রেজিস্ট্রার অফ অ্যাসুরেন্স - I, কলকাতায় নিবন্ধিত।<br>**ব্যাঙ্কের বাস্তবিক দখলে থাকা সম্পত্তি** | **২৭,২২,২১৯.০০ টাকা (সাতাশ লক্ষ বাইশ হাজার দুইশো উনিশ টাকা মাত্র) যা ৩১.০৭.২০২৪ তারিখ অনুযায়ী** বকেয়া এবং তার উপর অতিরিক্ত সুদ, খরচ, চার্জ ইত্যাদি। | ক) ২৬,১৯,০০০.০০ টাকা<br>খ) ২,৬১,৯০০.০০ টাকা<br>গ) ২৫,০০০.০০ টাকা<br>**যোগাযোগকারী ব্যক্তি**<br>**৯০৫১১০৮৭৪৫**<br>**৯৬৭৪৭১১৫২০**<br>**পরিদর্শনের তারিখ : ১৭.০৯.২০২৬**<br>পরিদর্শনের সময় : সকাল ১১.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা |
| ২. | **ক) শ্রীমতী কৃষ্ণা বৈদ্য**<br>স্বামী- সলিল বৈদ্য<br>**খ) শ্রী শুভাশিস বৈদ্য**<br>পিতা- সলিল বৈদ্য<br>**গ) শ্রী স্নেহাশিস বৈদ্য**<br>পিতা- সলিল বৈদ্য<br>**সকলের ঠিকানা:** নারায়ণীতলা, পোঃ- গোচরণ, থানা- জয়নগর (গোচরণ গার্লস হাই স্কুলের কাছে) দক্ষিণ ২৪ পরগনা, পিন - ৭৪৩৩৭২। | একতলা ভবন সহ ১০ ডেসিমেল পরিমাপের জমির সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যা মৌজা - নারায়ণীতলা, জে.এল. নং ০১, আর.এস. এবং এল.আর. দাগ নং ৪০৫, আর.এস. খতিয়ান নং ৫৩৭, এল.আর. খতিয়ান নং ১৮৯৪ এর অধীনে, নারায়ণীতলা গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে, থানা- জয়নগর, ডিএসআর - IV, জেলা - দক্ষিণ ২৪ পরগনায় অবস্থিত।<br>**সীমানা:** উত্তরে: সুখেন্দু হাইত এর জমি। দক্ষিণে: বুকাই সাঁতরা এর জমি। পূর্বে: পঞ্চান্ন বৈদ্য এর জমি। পশ্চিমে: সরোজ বৈদ্য এর জমি এবং ৬ ফুট চওড়া সাধারণ প্যাসেজ। ২০১৮ সালের দলিল নং: ১৬০৪০২২৪৩, বুক নং ১, পৃষ্ঠা ৫৯৬৬৩ - ৫৯৬৮৭, ভলিউম নং ১৬০৪ - ২০১৮, ডিএসআর - IV, দক্ষিণ ২৪ পরগনায় নিবন্ধিত।<br>সম্পত্তিটি কৃষ্ণা বৈদ্য, স্বামী - সলিল বৈদ্যের নামে রয়েছে।<br>**ব্যাঙ্কের বাস্তবিক দখলে থাকা সম্পত্তি** | **২২,৯১,১৭০.০০ টাকা (বাইশ লক্ষ একানব্বই হাজার একশো সত্তর টাকা মাত্র) যা ০৫.০৩.২০২৪ তারিখ অনুযায়ী** বকেয়া এবং তার উপর অতিরিক্ত সুদ, খরচ, চার্জ ইত্যাদি। | ক) ২৯,৩৪,০০০.০০ টাকা<br>খ) ২,৯৩,৪০০.০০ টাকা<br>গ) ২৫,০০০.০০ টাকা<br>**যোগাযোগকারী ব্যক্তি**<br>**৯০৫১১০৮৭৪৫**<br>**৯৬৭৪৭১১৫২০**<br>**পরিদর্শনের তারিখ : ১৭.০৯.২০২৬**<br>পরিদর্শনের সময় : সকাল ১১.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা |

ক) বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদার-এর ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-অকশনের জন্য তৈরি করা লিঙ্ক: https://BAANKNET.com দেখুন।
খ) ইচ্ছুক বিডার/দের পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড -এর কাছে রক্ষণাবেক্ষণ করা তাঁর বিডার অ্যাকাউন্টে জেনারেট করা চালানের মাধ্যমে তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে এনইএফটি/আরটিজিএস ট্রান্সফারের মাধ্যমে ইএমডি পরিমাণ নিলামের তারিখের আগেই স্থানান্তর করতে হবে। যেকোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন support.baanknet@psballiance.com অথবা যোগাযোগ নম্বর 8291220220

ইচ্ছুক বিডারকে নিলাম প্রক্রিয়ায় অংশ নেওয়ার আগে উপরে উল্লিখিত সাইটগুলিতে আপলোড করা বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ভালোভাবে পড়ে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

তারিখ: ০২.০৯.২০২৬
স্থান: কলকাতা
কোনো বিবাদের ক্ষেত্রে ইংরেজি সংস্করণটিই প্রাধান্য পাবে
অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

ফর্ম নং ১৪
**[রেগুলেশন ৩৩(২) দেখুন]**
**রেজিস্টার্ড এ/ডি দ্বারা, দস্তি অন্যথায় প্রকাশনার মাধ্যমে।**
**রিকভারি অফিসারের কার্যালয় - I/II**
**ডেটস রিকভারি ট্রাইব্যুনাল, কলকাতা (DRT 3)**
৮ম ফ্লোর, জীবন সুধা বিল্ডিং,
৪২সি, জওহর লাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১


**দাবি বিজ্ঞপ্তি**


**দ্য রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাংকরাপ্টসি অ্যাক্ট, ১৯৯৩-এর ২৫ থেকে ২৮ সেকশন এবং ১৯৬১ সালের আয়কর আইনের দ্বিতীয় তফসিলের রুল ২-এর অধীনে নোটিশ।**
আরসি/৩৭৬/২০২৫
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বনাম
মহ. এমদাদুল হক এবং অন্যান্য

প্রতি
**(সিডি ১) মহ. এমদাদুল হক,**
১৫৮, মডার্ন পার্ক, কলকাতা - ৭০০০৭৫।
**আরও ঠিকানা :** ডা. সুন্দরি মোহন অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৪।
**আরও ঠিকানা :** ফ্যাক্টরি- ৬১৪, পূর্বাচল রোড, পোঃ- কসবা, কলকাতা-৭০০০৭৮।
**আরও ঠিকানা :** এ/১৩১, রবীন্দ্র পল্লী, কলকাতা-৭০০০৮৬।
**(সিডি ২) নূরজাহান হক,**
১৫৮, মডার্ন পার্ক, কলকাতা-৭০০০৭৫।
**(সিডি ৩) মহ. মামদুদাল হক,**
১৫৮, মডার্ন পার্ক, কলকাতা-৭০০০৭৫।
**আরও ঠিকানা :** গ্রাম- টিটাগড়, পোঃ- মহিপালপুর, হুগলি - ১১০০৩৭।
**(সিডি ৪) মহ. একরামুল হক,**
গ্রাম- টিটাগড়, পোঃ- মহিপালপুর, হুগলি-১১০০৩৭।

১. এতদ্বারা জানানো হচ্ছে যে, ডেটস রিকভারি ট্রাইব্যুনাল কলকাতা (DRT3)-এর প্রিসাইডিং অফিসারের দ্বারা **ওএ/৬৬৪/২০২২** -এ পাস করা আদেশের পরিপূরক হিসেবে জারি করা রিকভারি সার্টিফিকেট অনুযায়ী আপনার বিরুদ্ধে যৌথভাবে এবং পৃথকভাবে/ সম্পূর্ণভাবে/ সীমিতভাবে **১০৭৪৩২৯৪.৩৬ টাকা (এক কোটি সাত লক্ষ তেতাল্লিশ হাজার দুশো চুরানব্বই টাকা এবং ছত্রিশ পয়সা)** এবং তার সাথে **০৬/১২/২০২২** তারিখ থেকে আদায় পর্যন্ত বার্ষিক ১১.৩৫ শতাংশ সরল সুদের হারে জরিমানা সুদ ও ভবিষ্যৎ সুদ এবং ১১০০০০ টাকা (এক লক্ষ দশ হাজার টাকা) খরচ বকেয়া হয়েছে।
২. আপনাকে এই নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরোক্ত পরিমাণ অর্থ পরিশোধ করার নির্দেশ দেওয়া হচ্ছে, অন্যথায় রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাংকস অ্যান্ড ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ এবং এর অধীনে প্রণীত নিয়ম অনুযায়ী রিকভারি করা হবে।
৩. শুনানির পরবর্তী তারিখে বা তার আগে আপনাকে একটি এফিডেভিটের মাধ্যমে আপনার সম্পত্তির বিবরণ ঘোষণা করার নির্দেশ দেওয়া হচ্ছে।
৪. পরবর্তী কার্যক্রমের জন্য আপনাকে আগামী **০৭/০৯/২০২৬ তারিখে সকাল ১১.৩০ টায়** নিম্নস্বাক্ষরকারীর সামনে উপস্থিত হওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে।
৫. উপরোক্ত টাকার পাশাপাশি, আপনাকে নিম্নলিখিতগুলি পরিশোধ করতেও দায়বদ্ধ থাকতে হবে :
(ক) সার্টিফিকেট/এক্সিকিউশন কার্যক্রমের এই নোটিশের ঠিক পরে শুরু হওয়া মেয়াদের জন্য প্রদেয় সুদ।
(খ) এই নোটিশ এবং ওয়ারেন্ট ও অন্যান্য প্রক্রিয়া পরিবেশন এবং বকেয়া পরিমাণ পুনরুদ্ধারের জন্য গৃহীত সমস্ত কার্যক্রমের ক্ষেত্রে সংঘটিত সমস্ত খরচ, চার্জ এবং ব্যয়।
ট্রাইব্যুনালের সীলমোহর এবং আমার স্বাক্ষরের অধীনে এই তারিখে প্রদত্ত হলো ০৯/০৭/২০২৬

স্বা/- রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইব্যুনাল-৩





একদিন ঘুরে ট্যুরে

বুধবার ● ২ সেপ্টেম্বর ২০২৬ ● পেজ ৮

# জয়সলমীরের সোনার কেল্লা



অসীম সুর চৌধুরী

রাজস্থান ঘুরতে গিয়ে, উদয়পুর থেকে আমাদের পরবর্তী গন্তব্য ছিল জয়সলমীর। তবে এখান থেকে কোনো ট্রেন যোগাযোগ নেই, যেতে হবে বাসে। আমাদের হোটেল ম্যানেজার আরামপ্রদ ভলভো বাসের ব্যবস্থা করে দিল। রাতের খাবার খেয়ে বাসে উঠে পড়লাম বাস জার্নিতে কারোরই ভালো ঘুম হয়নি। একটু ঝিমিয়ে নেওয়া আর কী। পরদিন সকাল ন'টা নাগাদ জয়সলমীর শহরে ঢোকার একটু আগে আমাদের নামিয়ে দিল। আমাদের হোটেলটা ছিল যোধপুর - বারমের লিঙ্ক রোডের ওপর। গাড়ি এসে আমাদের পিকআপ করে সোজা হোটেলে নিয়ে গেল। সুন্দর কারুকার্য করা হোটেলের ঘরগুলো বেশ বড় বড়।

আমরা এখানে দু'দিন ও একরাত থাকব। আমাদের পরিকল্পনাটা দাঁড়াল এই যে, আজ দুপুর তিনটে নাগাদ যাবো মরুভূমি দেখতে। তারপর কাল সারাদিন জয়সলমীর দুর্গ ও শহরের অন্যান্য দ্রষ্টব্য স্থান দেখব। ঠিক তিনটে নাগাদ আমরা মরুভূমি দর্শন করতে বেরোলাম। এখান থেকে প্রায় ৪৫ কিমি দূরে থর মরুভূমি 'স্যাম স্যান্ড ডিউনস'। হোটেল কর্তৃপক্ষ আমাদের পুরো প্যাকেজের ব্যবস্থা করে দিয়েছেন। এর মধ্যে আছে উট সাফারি, সাংস্কৃতিক অনুষ্ঠান দেখা এবং রাজস্থানী থালি 'ডাল বাটি চুরমা'র স্বাদ গ্রহণ করা। তবে আলাদা খরচা দিয়ে রাত্রে সেখানকার তাঁবুতে থাকার ব্যবস্থা আছে। আমরা অবশ্য থাকছি না, হোটেলেই ফিরে আসব। প্যাকেজে না গিয়ে আলাদা করেও 'ক্যামেল সাফারি' করা যায় কিন্তু তাতে উটওয়ালাদের কাছে ঠকে যাওয়ার সম্ভাবনা আছে।

ঘণ্টাখানেকের মধ্যেই আমাদের গাড়ি মরুভূমির পাশে গিয়ে থামল। রাস্তার বাঁদিকে শুধু বালি আর বালি। সূর্যর প্রখর তাপে অক্টোবর মাসেও রীতিমতো ঘামতে শুরু করলাম। দূরে দেখা যাচ্ছে ছোট ছোট বাবলা গাছ ইতস্তত ছড়িয়ে আছে। বালিয়াড়ি জুড়ে উটদের আনাগোনা আর মরুভূমি দেখতে আসা পর্যটকদের এদিক-ওদিক জমায়েত চোখে পড়ল। ড্রাইভার আগে থেকে ঠিক করা উটের উপর আমাদের বসিয়ে দিল। দড়ি টানতে টানতে উটওয়ালারা বালিয়াড়ির উপর দিয়ে আমাদের নিয়ে চলল। কিছুদূর গিয়ে একটা উঁচু বালির পাহাড়ে এসে আমাদের ছেড়ে দিল। এটাই সানসেট পয়েন্ট। এখান থেকে আরো দূরে যেতে গেলে অতিরিক্ত টাকা দিতে হবে। আমরা ওখানেই থেকে গেলাম সূর্যাস্ত দেখব বলে। তখনও সূর্য ডুবতে বেশ কিছু সময় বাকি।এইভাবে কিছুক্ষণ কাটার পর দেখতে পেলাম লাল সূর্য দিগন্তের নীচে মুখ লুকাতে যাচ্ছে। এর আগে সমুদ্র ও পাহাড়ে অনেক সূর্যোদয় ও সূর্যাস্ত দেখেছি, কিন্তু এবারে মরুভূমিতে অন্য অভিজ্ঞতা। সূর্য ডুবতেই দিনের আলোটা হঠাৎ করে অনেকটা কমে গেল। আমরা সবাই হেঁটে হেঁটে রাস্তার দিকে চললাম। আস্তে আস্তে ঠান্ডা পড়ছে। মরুভূমির আবহাওয়া অবশ্য এরকমই। দিনে খুব গরম আর রাতে বেশ ঠান্ডা। গাড়িতে পৌঁছে সবাই হালকা শীতের পোশাক পরে নিলাম ।

এরপর ড্রাইভার আমাদের নিয়ে গেল রাস্তার ডানদিকে তাঁবুর কাপড় দিয়ে ঘেরা খুব বড় একটা জায়গায়। এর মধ্যেই রাজস্থানী সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। আমাদের তাঁবুর পাশে, অন্যান্য সংস্থার আরো অনেক তাঁবু রয়েছে। তাঁবুর মাঝখানে বেশ বড় গোল জায়গা, তাকে ঘিরে পাতা রয়েছে অনেক চেয়ার। একটু দূরে পাশাপাশি রয়েছে অনেকগুলো ছোট ছোট তাঁবু। শুরু হল রাজস্থানী নৃত্য। রংবেরঙের ঘাঘরা পরে মহিলারা নৃত্য পরিবেশন করতে লাগলেন। গোলের চারদিকে বসে কিছু মহিলা ও পুরুষ হারমোনিয়াম, ঢোলক ইত্যাদি নিয়ে রাজস্থানী লোকসংগীত গেয়ে চলেছেন। সঙ্গে সঙ্গে নৃত্যরত মহিলারা কখনো গ্লাসের উপর দাঁড়িয়ে বা কখনো আট-দশটা হাঁড়ি মাথায় নিয়ে অপূর্ব নৃত্যকলা পরিবেশন করতে লাগলেন । প্রায় ঘণ্টা দুয়েক চলার পর অনুষ্ঠানের ইতি হল। এবার নৈশ আহারের পালা। বুফে সিস্টেম। ভাত ও রুটির সঙ্গে অনেকগুলো নিরামিষ পদ সাজানো রয়েছে। এরই নাম 'ডালবাটি-চুরমা'। রান্নায় ঘি এবং লঙ্কার আধিক্য। তবে ভালোই লাগল। খাওয়াদাওয়া সেরে হোটেলে ফিরতে ফিরতে রাত হয়ে গেল।

পরদিন সকালে তাড়াতাড়ি জলখাবার খেয়ে বেরিয়ে পড়লাম জয়সলমীর ফোর্ট দেখতে, যা বাঙালিদের কাছে 'সোনার কেল্লা' নামে পরিচিত। ১১৫৬ সালে রাওয়াল জয়সওয়াল দ্বারা ত্রিকুট পাহাড়ের মাথায় তৈরি হওয়া এই বেলে পাথরের দুর্গ বয়সে রাজস্থানের দ্বিতীয় প্রাচীন। জয়সলমীর রাজস্থানের অন্যতম পিছিয়ে পড়া জায়গা। সমতল থেকে প্রায় ৮০ মিটার উঁচুতে তৈরি এই কেল্লায় রয়েছে ৯৯টি গম্বুজ। এই কেল্লার মধ্যে একটা আস্ত শহর গড়ে উঠেছে। অনেক মানুষ এখানে বসবাস করেন। ভারতের আর কোনো দুর্গের ভেতর এরকম ঘনবসতি দেখা মেলে না।



রাস্তার বাঁদিকে শুধু বালি আর বালি। সূর্যর প্রখর তাপে অক্টোবর মাসেও রীতিমতো ঘামতে শুরু করলাম। দূরে দেখা যাচ্ছে ছোট ছোট বাবলা গাছ ইতস্তত ছড়িয়ে আছে। বালিয়াড়ি জুড়ে উটদের আনাগোনা আর মরুভূমি দেখতে আসা পর্যটকদের এদিক-ওদিক জমায়েত চোখে পড়ল। ড্রাইভার আগে থেকে ঠিক করা উটের উপর আমাদের বসিয়ে দিল। দড়ি টানতে টানতে উটওয়ালারা বালিয়াড়ির উপর দিয়ে আমাদের নিয়ে চলল। কিছুদূর গিয়ে একটা উঁচু বালির পাহাড়ে এসে আমাদের ছেড়ে দিল। এটাই সানসেট পয়েন্ট। এখান থেকে আরো দূরে যেতে গেলে অতিরিক্ত টাকা দিতে হবে। আমরা ওখানেই থেকে গেলাম সূর্যাস্ত দেখব বলে। তখনও সূর্য ডুবতে বেশ কিছু সময় বাকি। এইভাবে কিছুক্ষণ কাটার পর দেখতে পেলাম লাল সূর্য দিগন্তের নীচে মুখ লুকাতে যাচ্ছে। এর আগে সমুদ্র ও পাহাড়ে অনেক সূর্যোদয় ও সূর্যাস্ত দেখেছি, কিন্তু এবারে মরুভূমিতে অন্য অভিজ্ঞতা। সূর্য ডুবতেই দিনের আলোটা হঠাৎ করে অনেকটা কমে গেল। আমরা সবাই হেঁটে হেঁটে রাস্তার দিকে চললাম। আস্তে আস্তে ঠান্ডা পড়ছে।

দুর্গের বাইরে গাড়ি পার্কিং করে আমরা এগিয়ে চললাম। দুর্গের মূল প্রবেশদ্বারের নাম অক্ষয় পোল। তারপর ক্রমান্বয়ে এল আরও তিনটে প্রবেশদ্বার সুরজ পোল, গণেশ পোল ও হাওয়া পোল। দুর্গের সরু গলির সময় দু পাশে রয়েছে জামাকাপড়, পেন্টিং, অ্যান্টিক গয়না, নানারকম হস্তশিল্প ইত্যাদির দোকান। এইভাবে দু'ধারের দোকানপাট দেখতে দেখতে পৌঁছে গেলাম সিটি প্যালেস, যেটা কিনা এই দুর্গের প্রধান প্রাসাদ। এই প্রাসাদের সূক্ষ্ম কারুকার্য অপূর্ব। এর ভেতরে রয়েছে জয়সওয়াল রাজাদের জিনিসপত্র নিয়ে তৈরি হওয়া মিউজিয়াম। এরপর অলিগলি ধরে একটু এগোতেই পৌঁছে গেলাম জৈন মন্দিরে। এই মন্দিরগুলো ১২ শতকের মধ্যে তৈরি হয়েছিল। এদের স্থাপত্যশিল্প মনের মধ্যে রীতিমতো দাগ কাটে। এখানেই রয়েছে প্রাচীন পাণ্ডুলিপির দুর্মূল্য সংগ্রহশালা। এরপর একে একে দেখে নিলাম কেল্লার 'মেঘদরবার, 'রংমহল', 'দেওয়ান-ই-আম' , 'রানি দরবার' প্রভৃতি।

সোনার কেল্লা থেকে বেরিয়ে এবার দেখতে চললাম 'গাদিসার হ্রদ'। এই লেকটা তৈরি করেছিলেন রাওয়াল ঘাট সিং, সেই ১৩৬৭ সালে। তখন শহরের জল সরবরাহ ব্যবস্থা এই হ্রদ থেকেই হত। এখন অবশ্য তার দরকার হয় না। লেকের চারপাশে রয়েছে হলুদ পাথরের তৈরি মন্দির, ছত্রী ও তোরণ। এখানে বোটিংয়ের ব্যবস্থাও রয়েছে। এই লেকের বাঁদিকে একটা মিউজিয়াম রয়েছে। এখানে পুতুল নাচের আসর বসে। দেখতে দেখতে মধ্যাহ্নভোজের সময় হয়ে গেল।

খাওয়া দাওয়ার পরে, আমাদের ঘোরার অভিমুখ হল হাভেলিগুলোর দিকে। শহরের গলির মধ্যে পরপর অনেকগুলো পাথরের জাফরি কাটা হাভেলি রয়েছে। প্রতিটার জন্য আলাদা আলাদা টিকিট। কয়েকটা উল্লেখযোগ্য হাভেলির নাম হল পাটোয়া হাভেলি, নাথমল জি হাভেলি, সেলিম সিং হাভেলি ইত্যাদি। এই হাভেলিগুলোর সূক্ষ্ম জাফরির কারুকাজ দেখলে অবাক হতে হয়। এছাড়া চিত্রিত দেওয়াল, ঝারোখা, খিলানে সূক্ষ্ম কারুকার্য যে কোনো পর্যটককে আকর্ষণ করবে। এখানকার হাভেলিগুলোর মধ্যে কিছু বেসরকারি পরিচালকের দ্বারা পরিচালিত। আবার কয়েকটা সরকারি। বেসরকারিগুলো পরিষ্কার পরিচ্ছন্ন, তবে টিকিটের মূল্য বেশি। অপেক্ষাকৃত কম দামের টিকিটের সরকারি হাভেলির রক্ষণাবেক্ষণ ভালো নয়। এইরকম একটা সরকারি হাভেলির মধ্যে ঢুকেই কিছুক্ষণের মধ্যেই বেরিয়ে আসতে হল। প্রতিটা ঘরের সিলিংয়ে দলে দলে বাদুড় ও চামচিকে ঝুলে রয়েছে, যেটা দেখতে খুব একটা সুখকর নয়।

হোটেলে ফিরতে ফিরতে বিকেল হয়ে গেল আজ রাতেই আমরা জয়সলমীর ছাড়বো। খাওয়াদাওয়া সেরে ট্রেনে উঠে পড়লাম। এরপর আমাদের গন্তব্য যোধপুর।

## যাওয়ার উপায়

হাওড়া বা শিয়ালদহ থেকে জয়সলমীর যাওয়ার সরাসরি কোন ট্রেন নেই। প্রথমে জয়পুর বা যোধপুর গিয়ে তারপর সেখান থেকে ট্রেনে বা বাসে করে জয়সলমীর যেতে হবে। ১২৩০৭ হাওড়া , যোধপুর এক্সপ্রেস, ১২৩২৩ হাওড়া , বাড়মের এক্সপ্রেস ইত্যাদি।

## থাকার জায়গা

জয়সলমীর হোটেল মুমল, হোটেল সুদর্শন, সামধানি, হোটেল পানিহারি, হোটেল প্রিন্স, সরস্বতী প্যালেস, সরোজ প্যালেস, হোটেল প্রিয়া, হোটেল পিথলা হাভেলী ইত্যাদি।



